তমঃপ্রধান-বিক্ষেপশক্তি-মদজ্ঞানোপহিতচৈতন্যাদাকাশঃ আকাশাদ্বায়ুর্বায়োরগ্নিরগ্নেরাপঃ অদ্ভ্যঃ পৃথিবী চোৎপদ্যতে। তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত-ইত্যাদিশ্রুতেঃ ॥ ২৬ ॥

তেষু জাড্যাধিক্যদর্শনা-ত্তমঃপ্রাধান্যং তৎকারণস্য। তদানীং সত্ত্বরজস্তমাংসি কারণগুণপ্রক্রমেণ তেষ্বাকাশাদিষূৎপদ্যন্তে। ইমান্যেব সূক্ষ্মভূতানি তন্মাত্রাণ্যপঞ্চীকৃতানি চোচ্যন্তে। এতেভ্যঃ সূক্ষ্মশরীরাণি স্থূলভূতানি চোৎপদ্যন্তে ॥ ২৭ ॥

যেমন উর্ণলাভকীট, (মাকড়সা) স্বয়ং প্রধানরূপে স্বকৃত তন্তুর নিমিত্ত কারণ এবং শরীরপ্রধানরূপে ঐ তন্তুর উপাদন কারণ হয়। সেইরূপ পূর্ব্বোক্ত শক্তিদ্বয়বিশিষ্ট অজ্ঞানদ্বারা সমাবৃত চৈতন্য স্বয়ং প্রধান রূপে প্রপঞ্চবিশ্বের নিমিত্তকারণ এবং উপাধিরূপ অজ্ঞানরূপে উপাদানকারণ হন ॥ ২৫ ॥

তমঃপ্রধান বিক্ষেপশক্তিবিশিষ্ট অজ্ঞানসমাবৃত চৈতন্য হইতে আকাশ সমুৎপন্ন হইয়াছে এবং আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল ও জল হইতে পৃথিবী জন্মিয়াছে, এইরূপে ক্রমশঃ প্রপঞ্চ বিশ্বের উৎপত্তি হইয়াছে। এই বিষয় শ্রুতিতেও লিখিত আছে ॥ ২৬ ॥

সেই উৎপন্ন আকাশাদিতে জড়তার আধিক্যবশতঃ তাহাদিগের কারণে তমঃপ্রাধান্য অনুমিত হয়। সেই আকাশাদির উৎপত্তির পরে, তাহাতে কারণগুণের তারতম্য অনুসারে সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়ের উৎপত্তি হয় এবং পূর্ব্বোক্ত অবস্থাসম্পন্ন আকাশাদিকে সূক্ষ্মভূত, মহাভূত, পঞ্চতন্মাত্র

সূক্ষ্মশরীরাণি সপ্তদশাবয়বানি লিঙ্গশরীরাণি। অবয়বাস্তু জ্ঞানেন্দ্রিয়পঞ্চকং বুদ্ধিমনসী কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং বায়ুপঞ্চকঞ্চেতি। জ্ঞানেন্দ্রিয়াণি শ্রোত্রত্বক্‌চক্ষুর্জ্জিহ্বাঘ্রাণাখ্যানি। এতান্যাকাশাদীনাং সাত্ত্বিকাংশেভ্যোব্যস্তেভ্যঃ পৃথক্ ক্রমেণোৎপদ্যন্তে। বুদ্ধির্নাম। নিশ্চয়াত্মিকান্তঃকরণবৃত্তিঃ। মনোনাম সঙ্কল্পবিকল্পাত্মিকান্তঃকরণবৃত্তিঃ ॥ ২৮ ॥

অনয়োরেব চিত্তাহঙ্কারয়োরন্তর্ভাবঃ। অনুসন্ধানাত্মিকান্তঃকরণবৃত্তিশ্চিত্তং। অভিমানাত্মিকান্তঃকরণবৃত্তিরহঙ্কারঃ। এতে পুনরাকাশাদিগতসাত্ত্বিকাং

অপঞ্চীকৃত বলা যায়। ঐ সকল সূক্ষ্মভূত হইতেই সূক্ষ্ম শরীর ও স্থূলভূত উৎপন্ন হইয়াছে ॥ ২৭ ॥

এইক্ষণে সূক্ষ্মশরীরাদি নিরূপণ করিতেছেন,—সপ্তদশ-অবয়ববিশিষ্ট লিঙ্গশরীরকে সূক্ষ্ম শরীর বলে। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ বায়ু, মনঃ ও বুদ্ধি ইহাদিগকে সপ্তদশ অবয়ব বলা যায়। চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ অবয়বই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। এই জ্ঞানেন্দ্রিয় সকল আকাশাদির সাত্ত্বিক অংশ হইতে উৎপন্ন হইয়াছে। তেজের সত্ত্বাংশ হইতে চক্ষুঃ, আকাশের সত্ত্বাংশে কর্ণ, পৃথিবীর সত্ত্বাংশে নাসিকা, জলের সত্ত্বাংশ হইতে জিহ্বা এবং বায়ুর সত্ত্বাংশ হইতে ত্বক্ সমুৎপন্ন হইয়াছে। নিশ্চয়াত্মক অন্তঃকরণবৃত্তির নাম বুদ্ধি এবং সঙ্কল্পবিকল্পাত্মক অন্তঃকরণবৃত্তিকে মনঃ বলে ॥ ২৮ ॥

চিত্ত ও অহঙ্কার এই উভয়ই বুদ্ধি ও মনের অন্তর্গত দ্বিবিধ বৃত্তি মাত্র। অনুসন্ধানাত্মক অন্তঃকরণবৃত্তির নাম চিত্ত এবং অভিমানাত্মক অন্তঃকরণ বৃত্তির নাম অহঙ্কার। বুদ্ধি ও মনঃ এই উভয়ই মিলিত আকাশাদি পঞ্চভূতের সত্ত্বাংশ হইতে উৎপন্ন হইয়াছে। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, বুদ্ধি এবং মনঃ

শেভ্যোমিলিতেভ্য উৎপদ্যেতে। এতেষাং প্রকাশাত্মকত্বাৎ সাত্ত্বিকাংশকার্য্যত্বং ॥ ২৯ ॥

ইয়ং বুদ্ধির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহিতা সতী বিজ্ঞানময়কোষোভবতি। অয়ং কর্ত্তৃত্বভোক্তৃত্বাভিমানিত্বেন ইহলোকপরলোকগামী ব্যবহারিকোজীব-ইত্যুচ্যতে ॥৩০॥

মনস্তু কর্ম্মেন্দ্রিয়ৈঃ সহিতং সন্মনোময়কোষোভবতি। কর্ম্মেন্দ্রিয়াণি বাক্‌পাণিপাদপায়ূপস্থানি। এতানি পুনরাকাশাদীনাং রজোহংশেভ্যোব্যস্তেভ্যঃ পৃথক্‌ক্রমেণোৎপদ্যন্তে ॥ ৩১ ॥

বায়বঃ প্রাণাপানব্যানোদানসমানাঃ। প্রণেনাম প্রাগ্‌গমনবান্ নাসাগ্রস্থানবর্ত্তী। অপানোনাম অবাগ্-

---

এই সকলই স্বপ্রকাশস্বভাব, এই নিমিত্ত তাহারা পঞ্চ ভূতের সাত্ত্বিকাংশ হইতে উৎপন্ন হইয়াছে, ইহাই অনুমিত হয় ॥ ২৯ ॥

জ্ঞানেন্দ্রিয় সকলের সহিত মিলিত বুদ্ধিকে বিজ্ঞানময় কোষ বলে। এই বিজ্ঞানই আমি কর্ত্তা, আমি ভোক্তা, আমি সুখী, আমি দুঃখী ইত্যাদি অভিমানশালী এবং ইহলোকস্থিত ও পরলোকগামী; এইরূপ ব্যবস্থার দ্বারা ইহাকেই জীব বলিয়া কথিত হয় ॥ ৩০ ॥

পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের সহিত মিলিত মনঃকে মনোময় কোষ বলে। বাক্, পাণি, পাদ, পায়ু এবং উপস্থ এই পঞ্চ অবয়বের নাম পঞ্চ কর্ম্মেন্দ্রিয়। এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় আকাশাদি পঞ্চ ভূতের রজোহংশ হইতে উৎপন্ন হয়। আকাশের রজোভাগ হইতে বাক্য, বায়ুর রজোহংশ হইতে পাণি, তেজের রজোভাগ হইতে পায়ু এবং পৃথিবীর রজোভাগ হইতে উপস্থ উৎপন্ন হইয়াছে ॥ ৩১ ॥

প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান ইহাদিগকে পঞ্চ বায়ু বলে। ঊর্দ্ধগমনশীল নাসাগ্রস্থায়ী বায়ুর নাম প্রাণ বায়ু, অধোগমনশীল পায়ু

গমনবান্ পায্বাদিস্থানবর্ত্তী। ব্যানোনাম বিশ্বগ্‌গমনবানখিলশরীরবর্ত্তী। উদানঃ কণ্ঠস্থানীয়ঃ ঊর্দ্ধগমনবানুৎক্রমণবায়ুঃ। সমানঃ শরীরমধ্যগতাশিতপীতান্নাদিসমীকরণকরঃ। সমীকরণন্তু পরিপাককরণং—রসরুধিরশুক্রপুরীষাদিকরণং ॥ ৩২ ॥

কেচিত্তু নাগকূর্ম্মকৃকরদেবদত্তধনঞ্জয়াখ্যাঃ পঞ্চান্যে বায়বঃ সন্তীত্যাহুঃ। তত্র নাগঃ উদ্গিরণকরঃ কূর্ম্মঃ নিমীলনাদিকরঃ। কৃকরঃ ক্ষুধাকরঃ। দেবদত্তো জৃম্ভণকরঃ। ধনঞ্জয়ঃ পোষণকরঃ। এতেষাং প্রাণাদিষ্বন্তর্ভাবাৎ প্রাণাদয়ঃ পঞ্চৈবেতি কেচিৎ। ইদং প্রাণাদিপঞ্চকং আকাশাদিগতরজোঽংশেভ্যোমিলিতেভ্য-উৎপদ্যতে ॥ ৩৩ ॥

স্থানস্থিত বায়ুকে অপানবায়ু বলে; সর্ব্বনাড়ীগমনশীল সর্ব্বশরীর স্থায়ী বায়ুকে ব্যানবায়ু বলা যায়; ঊর্দ্ধগমন শীল কণ্ঠস্থানস্থায়ী উৎক্রমণ বায়ুর নাম উদানবায়ু এবং ভুক্ত অন্ন ও পীতজলাদির সমীকরণকারী বায়ুকে সমানবায়ু বলে। পরিপাকক্রিয়া দ্বারা ভুক্ত দ্রব্যের রুধির, শুক্র ও পুরীষাদি করণের নাম সমীকরণ ॥ ৩২ ॥

সাংখ্যমতাবলম্বী আচার্য্যগণ বলিয়া থাকেন যে, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় নামে আর পাঁচটী বায়ু আছে। উদ্গিরণকারী বায়ুর নাম নাগ বায়ু; যে বায়ু চক্ষুর উন্মীলন করে তাহার নাম কূর্ম্ম বায়ু, যে বায়ু ক্ষুধার জনক তাহাকে কৃকরবায়ু বলা যায়, জৃম্ভণকারী বায়ুর নাম দেবদত্ত বায়ু এবং যে বায়ু পুষ্টিসাধন করে, তাহাকে ধনঞ্জয়বায়ু বলে। কিন্তু বেদান্ত মতাবলম্বী পণ্ডিতগণ প্রাণাদি পঞ্চবায়ুমাত্র স্বীকার করেন, অন্য পৃথক্ ভূত কোন বায়ু স্বীকার করেন না, তাঁহারা নাগাদি পঞ্চ বায়ুকে প্রাণাদি পঞ্চ বায়ুর অন্তর্ভূত বলিয়া থাকেন। এই প্রাণাদি পঞ্চ বায়ু মিলিত আকাশাদি পঞ্চভূতের রজোঽংশ হইতে সমুৎপন্ন হয় ॥ ৩৩ ॥

ইদং প্রাণাদিপঞ্চকং কর্ম্মেন্দ্রিয়সহিতং সৎ প্রাণময়-কোষোভবতি। অস্য ক্রিয়াত্মকত্বেন রজোঽংশ-কার্য্যত্বং। এষু কোষেষু মধ্যে বিজ্ঞানময়োজ্ঞানশক্তি-মান্ কর্ত্তৃরূপঃ। মনোময়-ইচ্ছাশক্তিমান্ করণরূপঃ। প্রাণময়ঃ ক্রিয়াশক্তিমান্ কার্য্যরূপঃ। যোগ্যত্বা-দেবমেতেষাং বিভাগ-ইতি বর্ণয়ন্তি। এতৎ কোষ-ত্রয়ং মিলিতং সৎ সূক্ষ্মশরীরমিত্যুচ্যতে ॥ ৩৪ ॥

অত্রাপ্যখিলসূক্ষ্মশরীরং একবুদ্ধিবিষয়তয়া বনবজ্জ-লাশয়বদ্বা সমষ্টিঃ অনেকবুদ্ধিবিষয়তয়া বৃক্ষবজ্জল-বদ্বা ব্যষ্টিশ্চ ভবতি। এতৎসমষ্ট্যুপহিতং চৈতন্যং সূত্রাত্মা হিরণ্যগর্ভঃ প্রাণ-ইতি চোচ্যতে সর্ব্বানু-স্যূতত্বাৎ জ্ঞানেচ্ছাক্রিয়াশক্তিমদপঞ্চীকৃতপঞ্চমহা-ভূতাভিমানিত্বাচ্চ ॥ ৩৫ ॥

উক্ত প্রাণাদি পঞ্চ বায়ু পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের সহিত মিলিত হইয়া প্রাণময় কোষ হইয়াছে। গমনাগমনাদি ক্রিয়াই প্রাণাদি পঞ্চবায়ুর স্বভাব, এই নিমিত্ত ঐ বায়ু সকলকে রজোঽংশের কার্য্য বলিয়া অনুমিত হয়। উক্ত কোষ সকলের মধ্যে জ্ঞানশক্তিবিশিষ্ট বিজ্ঞানময় কোষই কর্ত্তা, ইচ্ছাশক্তি সম্পন্ন মনোময় কোষকরণ, ক্রিয়াশক্তিবিশিষ্ট প্রাণময় কোষ কার্য্য, এইরূপে কোষত্রয়ের যথাযোগ্য বিভাগবর্ণন করিয়াছেন। এই কোষত্রয় মিলিত হইলেই সেই কোষসমষ্টিকে সূক্ষ্মশরীর বলিয়া থাকে ॥ ৩৪ ॥

যেমন বন ও জলাশয়, বৃক্ষ ও জলের সমষ্টি, সেইরূপ সমস্ত সূক্ষ্মশরীর একরূপে শরীরসমষ্টি এবং যেমন বৃক্ষ ও জল, বন ও জলাশয়ের ব্যষ্টি, সেই-রূপ অনেকরূপে শরীরব্যষ্টি হয়। এই সূক্ষ্ম শরীরের সমষ্টিরূপ উপাধিদ্বারা উপহিত চৈতন্যকে সূত্রাত্মা, হিরণ্যগর্ভ বা প্রাণ বলা যায়। যে হেতু ঐ

অস্যৈষা সমষ্টিঃ স্থূলপ্রপঞ্চাপেক্ষয়া সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মশরীরং বিজ্ঞানময়াদিকোষত্রয়ং জাগ্রদ্বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ অতএব স্থূলপ্রপঞ্চলয়স্থানমিতি চোচ্যতে। এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং তৈজসোভবতি তেজোময়ান্তঃকরণোপহিতত্বাৎ ॥ ৩৬ ॥

অস্যাপীয়ং ব্যষ্টিঃ স্থূলশরীরাপেক্ষয়া সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মশরীরং বিজ্ঞানময়াদিকোষত্রয়ং জাগ্রদ্বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ অতএব স্থূলশরীরলয়স্থানমিতি চোচ্যতে। এতৌ সূত্রাত্মতৈজসৌ তদানীং সূক্ষ্মাভির্মনোবৃত্তিভিঃ সূক্ষ্মবিষয়াননুভবতঃ। প্রবিবিক্তভুক্ তৈজস-ইত্যাদিশ্রুতেঃ ॥ ৩৭ ॥

চৈতন্য পটাদিস্থিত সূত্রের ন্যায় সর্ব্বত্র পরিব্যাপ্ত এবং জ্ঞান, ইচ্ছা ও ক্রিয়াশক্তিবিশিষ্ট অপঞ্চীকৃত পঞ্চভূতের অভিমানী ॥ ৩৫ ॥

হিরণ্যগর্ভের উপাধিস্বরূপ এই সূক্ষ্ম শরীরের সমষ্টি স্থূলপ্রপঞ্চ হইতে সূক্ষ্ম, এই নিমিত্ত তাহাকে সূক্ষ্ম শরীর ও কোষত্রয় বলা যায় এবং জাগ্রদবস্থার বাসনাত্মক হেতু স্বপ্ন ও স্থূল প্রপঞ্চের লয়স্থান বলিয়া থাকে। এই স্থূল শরীরের ব্যষ্টিরূপ উপাধিদ্বারা উপহিত চৈতন্যকে তৈজস বলা যায়; যেহেতু তেজোময় অন্তঃকরণ তাহার উপাধি ॥ ৩৬ ॥

উক্ত তৈজসের উপাধিস্বরূপ এই ব্যষ্টীভূত সূক্ষ্ম শরীর স্থূলশরীর হইতে অতিসূক্ষ্ম; এই নিমিত্ত তাহাকে সূক্ষ্মশরীর ও কোষত্রয় বলিয়া থাকে। ঐ সূক্ষ্মশরীর বাসনাময়; সুতরাং তাহাকে স্বপ্ন ও স্থূল শরীরের লয়স্থান বলে। সুষুপ্তিকালে এই হিরণ্যগর্ভ ও তৈজস উভয়ে সূক্ষ্ম মনোবৃত্তিদ্বারা সূক্ষ্মবিষয় অনুভব করেন। এই বিষয়ে শ্রুতিতে লিখিত আছে যে, "তৈজসই সূক্ষ্মবস্তুর উপভোগ কর্ত্তা" ॥ ৩৭ ॥

অত্রাপি সমষ্টিব্যষ্ট্যোস্তদুপহিত সূত্রাত্মতৈজসয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ। জলাশয়জলবত্তদ্গত-প্রতিবিম্বাকাশবচ্চাভেদঃ। এবং সূক্ষ্মশরীরোৎ-পত্তিঃ ॥ ৩৮ ॥

স্থূলভূতানি তু পঞ্চীকৃতানি। পঞ্চীকরণন্তু আকাশাদি-পঞ্চস্বেকৈকং দ্বিধা সমং বিভজ্য তেষু দশসু ভাগেষু মধ্যে প্রাথমিকান্ পঞ্চভাগান্ প্রত্যেকং চতুর্দ্ধা সমং বিভজ্য তেষাং চতুর্ণাং ভাগানাং স্বস্ব দ্বিতীয়ার্দ্ধভাগং পরিত্যজ্য ভাগান্তরেষু সংযোজনং। তদুক্তং দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতর-দ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চ তে ইতি ॥ ৩৯ ॥

যেমন বন ও বৃক্ষ এই উভয় পরস্পর বিভিন্ন নহে, যেমন বনাবচ্ছিন্ন আকাশের সহিত বৃক্ষাবচ্ছিন্ন আকাশের কোন বিভিন্নতা নাই, যেমন জলা-শয়েতে জলের ভেদ নাই এবং যেমন জলগত প্রতিবিম্বিত আকাশের সহিত জলাশয়স্থিত প্রতিবিম্বিত আকাশের বিভিন্নতা নাই, সেইরূপ সূক্ষ্ম শরীরের সমষ্টি ও তাহার ব্যষ্টির সহিত এবং তদুপহিত হিরণ্যগর্ভ ও তৈজসেরও পর-স্পর বিভিন্নতা নাই। এই প্রকারেই সূক্ষ্ম শরীরের উৎপত্তি হয় ॥ ৩৮ ॥

একত্রীভূত আকাশাদি পঞ্চ ভূতকে স্থূল ভূত বলে। এই আকাশাদি পঞ্চ-ভূতের মধ্যে প্রত্যেক ভূতকে সমানাংশে দুইভাগে বিভক্ত করিলে সাকল্যে দশ ভাগ হইল, পরে সেই দশভাগের প্রত্যেক পঞ্চভূতের প্রথম পঞ্চভাগের প্রত্যেককে সমানে চারিভাগে বিভক্ত করিয়া সেই সকল প্রত্যেক চারি অংশের দ্বিতীয়ার্দ্ধভাগ পরিত্যাগপূর্ব্বক অপর চারি ভূতের দ্বিতীয়ার্দ্ধভাগের সহিত মিশ্রিত করণের নাম পঞ্চীকরণ। এই বিষয়ের প্রমাণ স্বরূপে অন্যান্য গ্রন্থে লিখিত আছে যে,—পঞ্চভূতের প্রত্যেককে সমান দুইভাগে বিভক্ত করিবেক, পুনরায় সেই পঞ্চভূতের প্রত্যেক প্রথম ভাগকে চারি ভাগ করিয়া

অস্যাপ্রামাণ্যং নাশঙ্কনীয়ং ত্রিবৃৎকরণশ্রুতে পঞ্চীকরণস্যাপ্যুপলক্ষণার্থত্বাৎ। পঞ্চানাং পঞ্চাত্মকত্বে সমানেঽপি তেষু চ বৈশিষ্ট্যাত্তু তদ্বাদস্তদ্বাদ ইতি ন্যায়েন আকাশাদিব্যপদেশঃ সম্ভবতি ॥ ৪০ ॥

তদানীমাকাশে শব্দোঽভিব্যজ্যতে বায়ৌ শব্দস্পর্শৌ অগ্নৌ শব্দস্পর্শরূপাণি অপ্সু শব্দস্পর্শরূপরসাঃ পৃথিব্যাং শব্দস্পর্শরূপরসগন্ধাশ্চ ॥ ৪১ ॥

এতেভ্যঃ পঞ্চীকৃতেভ্যোভূতেভ্যোভূর্ভুবঃস্বর্মহর্জ্জনস্তপঃসত্যমিত্যেতন্নামকানামুপর্য্যুপরি বিদ্যমানানাং অতল-বিতল-সুতলরসাতলতলাতলমহাতলপাতালনামকানামধোঽধোবিদ্যমানানাং লোকানাং ব্রহ্মাণ্ডস্য তদন্তর্গতচতুর্ব্বিধস্থূলশরীরাণামন্নপানাদীনাঞ্চোৎপত্তির্ভবতি ॥ ৪২ ॥

ইতর পঞ্চভূতের প্রত্যেক প্রথম অংশে প্রত্যেক চারি অংশ যোগ করিলে পঞ্চীকরণ হইয়া থাকে ॥ ৩৯ ॥

উক্ত প্রকার পঞ্চীকরণের প্রামাণ্যবিষয়ে কোন শঙ্কা নাই; যেহেতু ত্রিবৃৎ করণ শ্রুতিতে পঞ্চীকরণের উল্লেখ উক্ত আছে।—পঞ্চভূত পঞ্চাত্মক রূপে সমান হইলেও ঐপঞ্চভূতের প্রত্যেকে আকাশাদির পৃথক্ পৃথক্ ব্যবহার হইয়া থাকে, এই বিষয়ে ন্যায় শাস্ত্রের প্রমাণএই যে,—"আকাশাদি পঞ্চভূতে স্বস্ব অংশের আধিক্য হেতু ঐ সকল ভূতের আকাশাদি নাম হইয়াছে" ॥ ৪০ ॥

পঞ্চভূতের পঞ্চীকরণকালে আকাশে শব্দগুণ; বায়ুতে শব্দ ও স্পর্শ; অগ্নিতে শব্দ, স্পর্শ ও রূপ; জলেতে শব্দ, স্পর্শ, রূপ ও রস; এবং পৃথিবীতে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধগুণ প্রকাশিত হয় ॥ ৪১ ॥

এই সকল পঞ্চীকৃত আকাশাদি ভূত হইতে উপর্য্যুপরি ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, মহলোক, জনলোক, তপলোক ও সত্যলোক উৎপন্ন হয় এবং পর

চতুর্ব্বিধস্থূলশরীরাণি জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জা-খ্যানি। জরায়ুজানি জরায়ুভ্যোজাতানি মনুষ্য-পশ্বাদীনি। অণ্ডজানি অণ্ডেভ্যোজাতানি পক্ষি-পন্নগাদীনি। স্বেদজানি স্বেদেভ্যোজাতানি যুকম-শকাদীনি। উদ্ভিজ্জানি ভূমিমুদ্ভিদ্য জাতানি লতা-বৃক্ষাদীনি॥ ৪৩॥

অত্রাপি চতুর্ব্বিধস্থূলশরীরং একানেকবুদ্ধিবিষয়তয়া বনবজ্জলাশয়বদ্বা সমষ্টিঃ। বৃক্ষবজ্জলবদ্বা ব্যষ্টিরপি ভবতি। এতৎ সমষ্ট্যুপহিতং চৈতন্যং বৈশ্বানরো-বিরাড়িতি চোচ্যতে। সর্ব্বনরাভিমানিত্বাৎ বিবিধং রাজমানত্বাচ্চ। অস্যৈষা সমষ্টিঃ স্থূলশরীরং অন্ন-বিকারত্বাদন্নময়কোষঃ। স্থূলভোগায়তনত্বাৎ জাগ্র-দিতি চোচ্যতে॥ ৪৪॥

পর অধোদিকে অতল, বিতল, সুতল, রসাতল, তলাতল, মহাতল ও পাতাল এই সকল লোক সমুৎপন্ন হইয়াছে। এইরূপে ঐ পঞ্চভূত হইতেই ব্রহ্মাণ্ড এবং চতুর্ব্বিধ স্থূল শরীর ও তাহাদিগের ভোগোপযুক্ত অন্নপানাদি উৎপন্ন হইয়াছে॥ ৪২॥

চতুর্ব্বিধ স্থূল শরীর যথা,—জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জাত। জরায়ু হইতে জাত মনুষ্য পশু প্রভৃতিকে জরায়ুজ, অণ্ড হইতে উৎপন্ন পক্ষী সর্পাদিকে অণ্ডজ, স্বেদাদি হইতে জাত মশকাদিকে স্বেদজ এবং ভূমি হইতে উৎপন্ন বৃক্ষলতাদিকে উদ্ভিজ্জাত বলে॥ ৪৩॥

যেমন বন বৃক্ষসমূহের সমষ্টি এবং বৃক্ষসকল বনের ব্যষ্টি ও জলাশয় জলের সমষ্টি এবং জল জলাশয়ের ব্যষ্টি; সেইরূপ এইস্থলেও চতুর্ব্বিধ শরীর একত্রীভূতরূপে সমষ্টি ও পৃথক্‌রূপে ব্যষ্টি হয়। এই স্থূলশরীরের সমষ্টিতে উপ-হিত চৈতন্যই সর্ব্ব দেহাভিমানী ও বিবিধপ্রকারে বিরাজমানত্বপ্রযুক্ত বৈশ্বা

এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং বিশ্ব-ইত্যুচ্যতে। সূক্ষ্ম-শরীরাভিমানমপরিত্যজ্য স্থূলশরীরাদিপ্রবেষ্টৃত্বাৎ। অস্যাপ্যেষা ব্যষ্টিঃ স্থূলশরীরং অন্নবিকারত্বাৎ অন্নময়কোষঃ। স্থূলভোগায়তনত্বাৎ জাগ্রদিতি চোচ্যতে ॥ ৪৫ ॥

তদানীমেতৌ বিশ্ববৈশ্বানরৌ। দিগ্বাতার্কপ্রচেতো-ঽশ্বিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন শ্রোত্রাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাচ্ছব্দস্পর্শরূপরসগন্ধান্ অগ্নীন্দ্রোপেন্দ্রযম-প্রজাপতিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন বাগাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাদ্বচনাদানগমনবিসর্গানন্দান্। চন্দ্রচতুর্ম্মুখ-শঙ্করাচ্যুতৈঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন মনোবুদ্ধ্যহঙ্কার-চিত্তাখ্যেনান্তরিন্দ্রিয়চতুষ্কেণ ক্রমাৎ সংশয়নিশ্চয়া-

---

নর এবং বিরাট শব্দে অভিহিত হন। এই সমষ্টিকে স্থূল শরীর ও অন্নের বিকার নিমিত্ত তাহাকে অন্নময় কোষ বলা যায় এবং সেই সমষ্টি, স্থূল ভোগের আলয় হেতু জাগ্রৎ শব্দের বাচ্য হয় ॥ ৪৪ ॥

ব্যষ্টিভূত স্থূল শরীরেতে যে উপহিত চৈতন্য আছেন, তাঁহাকে বিশ্ব বলা যায়, যেহেতু ঐ চৈতন্য সূক্ষ্ম শরীরের অভিমান পরিত্যাগ না করিয়া স্থূল শরীরে প্রবিষ্ট হয়। উক্ত ব্যষ্টিকে স্থূল শরীর বলিয়া থাকে এবং উহা অন্নের বিকার স্বরূপ, অতএব তাহাকে অন্নময় কোষ বলা যায়, আর ঐ ব্যষ্টিই স্থূল ভোগের আয়তন, এই নিমিত্ত উহারই নাম জাগ্রদবস্থা ॥ ৪৫ ॥

জাগ্রৎকালে পূর্ব্বোক্ত বিশ্ব ও বৈশ্বানর, এই উভয় দিক্, বায়ু, সূর্য্য, বরুণ ও অশ্বিনীকুমার কর্ত্তৃক নিয়োজিত হইয়া শ্রোত্র, ত্বক্, চক্ষুঃ, জিহ্বা ও ঘ্রাণ এই পঞ্চজ্ঞানেন্দ্রিয় দ্বারা ক্রমশঃ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ বাহ্য বিষয় অনুভব করে এবং অগ্নি, ইন্দ্র, উপেন্দ্র, যম ও প্রজাপতি কর্ত্তৃক নিয়োজিত হইয়া বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় দ্বারা

হঙ্কার্য্যচৈত্তাংশ্চ সর্ব্বানেতান্ স্থূলবিষয়াননুভবন্তঃ জাগরিতস্থানোবহিঃপ্রজ্ঞ ইত্যাদি শ্রুতেঃ ॥ ৪৬ ॥

অত্রাপ্যনয়োঃ স্থূলব্যষ্টিসমষ্ট্যোস্তদুপহিতয়োর্ব্বিশ্ব-বৈশ্বানরয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ জলাশয়-জলবত্তদ্গতপ্রতিবিম্বাকাশবচ্চ বা পূর্ব্ববদভেদঃ। এবং পঞ্চীকৃত পঞ্চভূতেভ্যঃ স্থূলপ্রপঞ্চোৎপত্তিঃ ॥৪৭॥

এষাং স্থূলসূক্ষ্মকারণ-শরীরপ্রপঞ্চানাং সমষ্টিরেকো-মহান্ প্রপঞ্চো ভবতি। যথা অবান্তরবনানাং সমষ্টি-রেকং মহদ্বনং। যথা বা অবান্তরজলাশয়ানাং সমষ্টিরেকোমহান্ জলাশয়ঃ। তদুপহিত বিশ্ব-বৈশ্বানরাদীশ্বরপর্য্যন্তং চৈতন্যমপি অবান্তরবনাব-

---

ক্রমশঃ বাক্য, গ্রহণ, গমন, ত্যাগ ও আনন্দ এই পঞ্চ বাহ্য বিষয় অনুভব করিয়া থাকে। উক্ত উভয়ই চন্দ্র, ব্রহ্মা শঙ্কর ও বিষ্ণু এই দেব চতুষ্টয় কর্ত্তৃক নিয়োজিত হইয়া মনঃ, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত, এই অন্তরিন্দ্রিয় চতুষ্টয় দ্বারা ক্রমশঃ সংশয়, নিশ্চয়, অহঙ্কার্য্য ও চৈত্ত, এই চারি স্থূল বিষয় অনুভব করে। এই বিষয়ে শ্রুতিপ্রমাণ আছে যে,—জাগ্রদবস্থায় বিশ্ব ও বৈশ্বানর বাহ্য স্থূল বিষয় অনুভব করে ॥ ৪৬ ॥

যেমন বনে ও বৃক্ষে, বনাবচ্ছিন্ন আকাশে ও বৃক্ষাবচ্ছিন্নকাশে, জলাশয়ে ও জলে এবং জলাশয় প্রতিবিম্বিত আকাশে ও জলপ্রতিবিম্বিত আকাশে কোন ভেদ নাই। সেইরূপ এই স্থূল শরীরের সমষ্টি ও ব্যষ্টিতে এবং স্থূল শরী-রের সমষ্টিগত উপহিত বৈশ্বানরে ও স্থূল শরীরের ব্যষ্টিগত উপহিত বিশ্বেরও কিঞ্চিন্মাত্র প্রভেদ নাই। এই প্রকারে পঞ্চীকৃত পঞ্চভূত হইতে স্থূল প্রপ-ঞ্চের উৎপত্তি হয় ॥ ৪৭ ॥

যেমন পৃথক্ পৃথক্ বন সমূহের সমষ্টিতে এক বৃহৎ বন হয় এবং ভিন্ন ভিন্ন জলাশয়ের সমষ্টিতে এক বৃহৎ জলাশয় হইয়া থাকে, সেইরূপ স্থূল কারণ ও সূক্ষ্ম শরীরের প্রপঞ্চের সমষ্টিতে এক মহৎ প্রপঞ্চ হয়। যেমন সকল বনাব-

চ্ছিন্নাকাশবদবান্তরজলাশয়গত প্রতিবিম্বাকাশবচ্চ একমেব ॥ ৪৮ ॥

আভ্যাং মহাপ্রপঞ্চতদুপহিতচৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিণ্ডবদবিবিক্তং সৎ অনুপহিতং চৈতন্যং সর্ব্বং খল্বিদং ব্রহ্মেবেতি মহাবাক্যস্থ বাচ্যং ভবতি বিবিক্তং সল্লক্ষ্যমপি ভবতি ॥ ৪৯ ॥

এবং বস্তুন্যবস্তুত্বারোপোঽধ্যারোপঃ সামান্যেন প্রদর্শিতঃ। ইদানীং প্রত্যগাত্মনি ইদমিদময়ময়মারোপয়তীতি বিশেষ উচ্যতে। তথাচ অতিপ্রাকৃতস্ত আত্মা বৈ জায়তে পুত্র ইত্যাদি শ্রুতেঃ স্বস্মিন্নিব স্বপুত্রেঽপি প্রেমদর্শনাৎ পুত্রে পুষ্টে

চ্ছিন্ন আকাশ অথবা নিখিল জলাশয়গত প্রতিবিম্বিত আকাশ একই আকাশ; সেইরূপ এই মহৎ প্রপঞ্চাবচ্ছিন্ন বৈশ্বানর, বিশ্ব, হিরণ্যগর্ভ, তৈজস এবং প্রাজ্ঞ ও ঈশ্বর; এই সমুদায় একই চৈতন্য ॥ ৪৮ ॥

যেমন দগ্ধ লৌহপিণ্ডের সহিত অভিন্ন অগ্নি "অয়োদহতি," এই বাক্যের বাচ্য এবং পৃথক্‌রূপে ঐ বাক্যের লক্ষ্য হয়। সেইরূপ মহৎ প্রপঞ্চাবচ্ছিন্ন চৈতন্য, ঐ মহৎ প্রপঞ্চের সহিত অবিবিক্তরূপে "সর্ব্বংখল্বিদং ব্রহ্ম" এই মহাবাক্যের বাচ্য এবং বিবিক্তরূপে ঐ মহাবাক্যের লক্ষ্য হন ॥ ৪৯ ॥

এই প্রকারে সামান্যতঃ বস্তুরূপ ব্রহ্ম চৈতন্যেতে অবস্তুর আরোপস্বরূপ অধ্যারোপ প্রদর্শিত হইল; এইক্ষণ বিশেষরূপে জীবচৈতন্যেতে অধ্যারোপ অর্থাৎ কোন কোন মতাবলম্বীরা কোন বস্তুকে জীবাত্মা বলেন, তাহা প্রদর্শিত হইতেছে।—অতি-অজ্ঞানী ব্যক্তিরা পুত্রকে আত্মা বলে, তাহারা এই বিষয়ে শ্রুতি প্রমাণ দেখায় যে,—আত্মাই পুত্ররূপী হইয়া জন্মগ্রহণ করে। পরন্তু তাহারা অন্যপ্রকার যুক্তি দেখাইয়া বলে যে,—যেহেতু আপনাতে যে প্রকার প্রীতিলাভ করা যায়, পুত্রেতেও সেই প্রকার প্রীতি অনুভব হয়, অতএব পুত্রই আত্মা এবং তাহারা এইরূপ অনুভব দেখাইয়া বলে যে,—পুত্রের

নষ্টেঽহমেব পুষ্টোনষ্টশ্চেত্যাদ্যনুভবাচ্চ পুত্র আত্মেতি বদতি। চার্ব্বাকস্তু সবাএষ পুরুষোঽন্নরসময় ইত্যাদি শ্রুতেঃ প্রদীপ্তগৃহাৎ স্বপুত্রং পরিত্যজ্যাপি স্বস্য নির্গমদর্শনাৎ স্থূলোঽহং কৃশোঽহং ইত্যাদ্যনুভবাচ্চ স্থূলশরীরমাত্মেতি বদতি। অপরশ্চার্ব্বাকঃ তেহ প্রাণাঃ প্রজাপতিং সমেত্য ব্রূয়ুরিত্যাদি শ্রুতেঃ ইন্দ্রিয়াণামভাবে শরীরচলনাভাবাৎ কাণোঽহং বধিরোঽহং ইত্যাদ্যনুভবাচ্চ ইন্দ্রিয়াণ্যাত্মেতি বদতি ॥ ৫০ ॥

অন্যস্তু চার্ব্বাকঃ অন্যোঽন্তর আত্মা প্রাণময় ইত্যাদি শ্রুতেঃ প্রাণাভাবে ইন্দ্রিয়চলনাযোগাৎ অহমশ-

---

পুষ্টি হইলে বা পুত্র নষ্ট হইলে আমি পুষ্ট হইলাম বা আমি নষ্ট হইলাম, এইরূপ জ্ঞান হয়, অতএব পুত্রই আত্মা। কোন চার্ব্বাক স্থূলশরীরকে আত্মা বলে, তাহারা এই শ্রুতিপ্রমাণ দেখায় যে, "অন্নময় রসের বিকারী পুরুষই আত্মা" এবং এই যুক্তি প্রদর্শন করে যে, সকলেই পুত্রকে পরিত্যাগ করিয়াও আপনাকে দহ্যমান গৃহ হইতে নির্ম্মুক্ত করিতে চেষ্টা করে এবং তাহারা এই অনুভব দেখায় যে "আমি স্থূল ও আমি কৃশ," এইরূপ জ্ঞান সাধারণের হইয়া থাকে, অতএব স্থূলশরীরই আত্মা। অন্য চার্ব্বাক মতাবলম্বীরা ইন্দ্রিয়গণকে আত্মা বলে, তাহারা স্বমত রক্ষা বিষয়ে এইরূপ শ্রুতিপ্রমাণ দেখায় যে, "ইন্দ্রিয়গণ প্রজাপতির নিকট গিয়া কহিয়াছিল যে, ইন্দ্রিয়গণের অভাবে শরীর অচল হয়" অতএব ইন্দ্রিয়গণই আত্মা। চার্ব্বাকের অপর যুক্তি এই যে,—যেহেতু আমি অন্ধ ও আমি বধির, এইরূপ প্রতীতি সকলেরই হইয়া থাকে, অতএব ইন্দ্রিয়ই আত্মা ॥ ৫০ ॥

কোন কোন চার্ব্বাক মতাবলম্বীরা প্রাণকে আত্মা বলিয়া থাকে। তাহাতে এই শ্রুতি প্রমাণ দেখায় যে, "প্রাণময় অন্তরাত্মা শরীরাদি হইতে বিভিন্ন।"

নায়াবানহং পিপাসাবান্ ইত্যাদ্যনুভবাচ্চ প্রাণ আত্মেতি বদতি ইতরস্তু চার্ব্বাকঃ অন্যোঽন্তর আত্মা মনোময় ইত্যাদি শ্রুতেঃ মনসি সুপ্তে প্রাণাদেরভাবাৎ অহং সঙ্কল্পবানহং বিকল্পবানিত্যা-দ্যনুভবাচ্চ মন আত্মেতি বদতি ॥ ৫১ ॥

বৌদ্ধস্তু অন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময় ইত্যাদি শ্রুতেঃ কর্ত্তুরভাবে করণস্য শক্ত্যভাবাৎ অহং কর্ত্তা অহং ভোক্তা ইত্যাদ্যনুভবাচ্চ বুদ্ধিরাত্মেতি বদতি ॥ ৫২ ॥

পরন্তু তাহারা স্বমত সংস্থাপনার্থ আর এইরূপ যুক্তি প্রদর্শন করে যে,—যখন প্রাণের অভাব হইলেই ইন্দ্রিয়গণের ক্রিয়ার অভাব হয়, তখন প্রাণই আত্মা। এই বিষয়ে চার্ব্বাক যুক্তি প্রদর্শন করে যে,—যেহেতু "আমি ক্ষুধার্ত্ত ও আমি পিপাসাতুর" সকলেরই এইরূপ অনুভব হইয়া থাকে, অত-এব প্রাণই আত্মা। অন্য চার্ব্বক মতে মনকে আত্মা কহে, তাহারা বলে, শ্রুতিতে লিখিত আছে যে, মনোময় অন্তরাত্মা শরীর, ইন্দ্রিয়, ও প্রাণ হইতে পৃথক্, এই নিমিত্ত মনকে আত্মা বলা যায়। পরন্তু তাহারা স্বমতের প্রাধান্য রক্ষার্থ এইরূপ যুক্তি প্রদর্শন করে যে, যখন মনঃ নিস্তব্ধ হইলেই প্রাণাদির অভাব হয় এবং আমি সঙ্কল্প বিশিষ্ট, আমি বিকল্পবিশিষ্ট এইরূপ সকলেরই অনুভব হয়, তখন মনই আত্মা ॥ ৫১ ॥

বৌদ্ধমতাবলম্বীরা বুদ্ধিকে আত্মা বলিয়া থাকে এবং তাহাতে এই শ্রুতি প্রমাণ দেয় যে,—বিজ্ঞানময় অন্তরাত্মা শরীর, প্রাণ ও মনঃ হইতে পৃথক্। পরন্তু তাহারা আরও যুক্তি প্রদর্শন করে যে, যখন কর্ত্তার অভাব হইলেই করণের শক্তির অভাব হয়, এইরূপ প্রতীতি আছে, তখন এই স্থলে বুদ্ধির অভাব হইলেই ইন্দ্রিয়ের শক্তির অভাব দৃষ্ট হয় এবং আমি কর্ত্তা, আমি ভোক্তা এইরূপ অনুভব সকলেরই হইয়া থাকে, অতএব বুদ্ধির আত্মত্ব সিদ্ধ-হইতেছে ॥ ৫২ ॥

প্রাভাকরতার্কিকৌতু অন্যোঽন্তর আত্মা আনন্দময়-ইত্যাদি শ্রুতেঃ সুষুপ্তৌ বুদ্ধ্যাদীনামজ্ঞানে লয়-দর্শনাৎ অহমজ্ঞ ইত্যাদ্যনুভবাচ্চ অজ্ঞানমাত্মেতি বদতঃ॥ ৫৩ ॥

ভট্টস্তু প্রজ্ঞানঘনএবানন্দময় আত্মেত্যাদি শ্রুতেঃ সুষুপ্তৌ প্রকাশাপ্রকাশসদ্ভাবাৎ মামহং ন জানামী-ত্যাদ্যনুভবাচ্চ অজ্ঞানোপহিতং চৈতন্যমাত্মেতি বদতি ॥ ৫৪ ॥

অপরোবৌদ্ধঃ অসদেবেদমগ্র আসীদিত্যাদি শ্রুতেঃ সুষুপ্তৌ সর্ব্বাভাবাদহং সুপ্তঃ সুষুপ্তৌ নাসমিত্যুত্থি-তস্য স্বাভাবপরামর্শবিষয়ানুভবাচ্চ শূন্যমাত্মেতি বদতি ॥ ৫৫ ॥

প্রাভাকর ও তার্কিক উভয়েই অজ্ঞানকে আত্মা বলে এবং এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ দেয় যে,—"অন্তরাত্মা শরীরাদি হইতে বিভিন্ন ও আনন্দময়।" পরন্তু এইরূপ যুক্তি প্রমাণ দেখাইয়া বলে যে, সুষুপ্তিকালে অজ্ঞানেতেই বুদ্ধি-প্রভৃতির লয় হয় এবং আমিই অজ্ঞ, আমি জ্ঞানী, এইরূপ অনুভব হেতু অজ্ঞানকে আত্মা বলে ॥ ৫৩ ॥

ভট্ট মতাবলম্বীরা (মিমাংসাদি শাস্ত্র বেত্তারা) অজ্ঞান সমষ্টিদ্বারা উপহিত চৈতন্য অর্থাৎ ঈশ্বরচৈতন্যকেই আত্মা বলিয়া থাকে এবং ইহাতে এই শ্রুতি-প্রমাণ দেয় যে "আত্মাই প্রজ্ঞানঘন এবং আনন্দময়।" পরন্তু এইরূপ যুক্তি-প্রমাণ দেখাইয়া বলে যে "[illegible] সকল জীব হইলেও অজ্ঞানোপহিত চৈতন্যের প্রকাশ থাকে" এবং এইরূপ অনুভব করে যে, আমি আমাকে জানি না, অতএব অজ্ঞানোপহিত চৈতন্যই আত্মা ॥ ৫৪ ॥

অপর বৌদ্ধ মতাবলম্বীরা শূন্যকেই আত্মা বলিয়া থাকে এবং ইহাতে এই শ্রুতিপ্রমাণ দেয় যে, "জগৎ পূর্ব্বে অসৎ ছিল।" পরন্তু এইরূপ যুক্তিদ্বারা

এতেষাং পুত্রাদীনাং শূন্যপর্য্যন্তানামনাত্মত্বমুচ্যতে।
এতৈরতিপ্রাকৃতবাদিভিরুক্তেষু শ্রুতিযুক্ত্যনু-
ভবাভাসেষু পূর্ব্ব-পূর্ব্বোক্তশ্রুতিযুক্ত্যনুভবাভাসানা-
মুত্তরোত্তর-শ্রুতি-যুক্ত্যনু-ভবাভাসৈরাত্ম-বাধ-দর্শনাৎ
পুত্রাদীনামনাত্মত্বং স্পষ্টমেবেতি ॥ ৫৬ ॥

কিঞ্চ প্রত্যগস্থূলো অচক্ষুরপ্রাণো অমনা অকর্ত্তা-
চৈতন্যং চিন্মাত্রং সদিত্যাদিপ্রবলশ্রুতিবিরোধাৎ
অস্য পুত্রাদিশূন্যপর্য্যন্তস্য জড়স্য চৈতন্যভাস্যত্বেন
ঘটাদিবদনিত্যত্বাৎ অহং ব্রহ্মেতি বিদ্বদনুভবপ্রাব-
ল্যাচ্চ তত্তৎশ্রুতিযুক্ত্যনুভবাভাসানাং বাধিতত্বাদপি
পুত্রাদিশূন্যপর্য্যন্তমখিলমনাত্মৈব ॥ ৫৭ ॥

বলে যে, সুষুপ্তিকালে সকলের অভাব হয়, এবং সুষুপ্তি হইতে উত্থিত ব্যক্তির এইরূপ জ্ঞান হয় যে, সুষুপ্তি সময়ে আমার অভাব হইয়া ছিল; এই অনুভব হেতু শূন্যকে আত্মা বলা যায় ॥ ৫৫ ॥

প্রকৃতপক্ষে পুত্রাদি হইতে শূন্য পর্য্যন্ত কাহাকেও আত্মা বলা যায় না। যে হেতু পুত্রাদির অনাত্মত্ব স্পষ্ট প্রতীয়মান হইতেছে। যাহারা পুত্রাদিকে আত্মা বলে, তাহারা অতি মূঢ়; তাহাদিগের পূর্ব্ব প্রদর্শিত প্রমাণ, যুক্তি ও অনুভব সকল উত্তরোত্তর প্রদর্শিত প্রমাণ, যুক্তি ও অনুমানদ্বারা সমস্তই খণ্ডিত হইয়াছে। অতএব পুত্রাদিকে আত্মা বলা যায় না ॥ ৫৬ ॥

পক্ষান্তরে পুত্রাদিকে আত্মা বলিলে শ্রুতিপ্রমাণাদির অত্যন্ত বিরোধ ঘটে, কারণ "আত্মা স্থূল নহে, ইন্দ্রিয় নহে, প্রাণ নহে, মনঃ নহে ও কর্ত্তা নহে; তিনি কেবল চৈতন্যময় সত্য স্বরূপ" ইত্যাদি যুক্তিদ্বারা ইহাই প্রমাণ হইতেছে যে, পুত্রাদি শূন্য পর্য্যন্ত জড়পদার্থ সকলেই আত্ম-চৈতন্যের ভাস্যত্বহেতু ঘটাদির ন্যায় অনিত্য; আর জ্ঞানিগণের "আমিই ব্রহ্ম" এইরূপ দৃঢ় অনুভব হইয়া থাকে। অতএব পুত্রাদি শূন্য পর্য্যন্ত

অতস্তজ্জড়াত্মকং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তসত্যস্বভাবং প্রত্যক্ চৈতন্যমেবাত্মতত্ত্বমিতি বেদান্তবিদনুভবঃ এবমধ্যারোপঃ ॥ ৫৮ ॥

অপবাদোনাম রজ্জুবিবর্ত্তস্য সর্পস্য রজ্জুমাত্রত্ববৎ বস্তুবিবর্ত্তস্যাবস্তুনোঽজ্ঞানাদেঃ প্রপঞ্চস্য বস্তুমাত্রত্বং। তদুক্তং—সতত্ত্বতোঽন্যথা প্রথা বিকার-ইত্যুদীরিতঃ।
অতত্ত্বতোঽন্যথা প্রথা বিবর্ত্ত ইত্যুদাহৃত-ইতি॥৫৯॥

তথাহি খলূচ্যতে। যথা এতদ্ভোগায়তনং চতুর্ব্বিধস্থূল শরীরজাতং এতদ্ভোগ্যরূপান্নপানাদিকং এতদা-

কোন পদার্থকেই আত্মা বলা যায় না। পুত্রাদিকে আত্মা বলিয়া স্বীকার করিলে পূর্ব্বোক্ত শ্রুতিপ্রমাণ, যুক্তি ও অনুভবের বাধা জন্মে; সুতরাং পুত্রাদির অনাত্মত্ব সুস্পষ্ট প্রতীয়মান হইল ॥ ৫৭ ॥

প্রকৃতপক্ষে যিনি পুত্রাদি শূন্য পর্য্যন্ত জড়পদার্থ সকলের অবভাসক, যিনি নিত্য, শুদ্ধ, সর্ব্বজ্ঞ, মুক্ত, সত্যস্বরূপ প্রত্যক্ চৈতন্য, তিনি আত্মা এবং সদ্বস্তু; ইহাই বেদান্তজ্ঞ ও বেদবিদ্বর্গের অনুভবসিদ্ধ। এই প্রকারে বস্তুতে অবস্তুর আরোপস্বরূপ অধ্যারোপ-ন্যায় বিশেষরূপে প্রদর্শিত হইল ॥ ৫৮ ॥

এইক্ষণে অপবাদ-ন্যায় কথিত হইতেছে,—রজ্জুতে সর্পভ্রম হইলে যখন সেই ভ্রমের বিনাশ হয়, তখন যেমন সর্পজ্ঞান বিলুপ্ত হইয়া কেবল রজ্জুমাত্রের জ্ঞান থাকে; সেইরূপ সচ্চিদানন্দ ব্রহ্মবস্তুতে অবস্তুরূপ অজ্ঞানাদি জড়প্রপঞ্চের যে ভ্রম, তাহার নাশ হইলে কেবল ব্রহ্মমাত্র অবস্থিত থাকেন। যে কারণে এইরূপ জ্ঞানের বিবর্ত্ত হয়, তাহার নাম বিবর্ত্ত কারণ এবং যে কারণে স্বরূপের অন্যথাভূত হইয়া কার্য্য উৎপাদন করে, তাহার নাম বিকারী বা পরিণামী উপাদান কারণ; যথা—দুগ্ধ, দধির প্রতি বিকারী বা পরিণামী কারণ, আর যে কারণ স্বরূপের অন্যথা না করিয়া কার্য্য উৎপাদন করে, তাহার নাম বিবর্ত্ত কারণ; যেমন রজ্জু সর্প জ্ঞানের প্রতি বিবর্ত্তকারণ ॥ ৫৯ ॥

ভ্রমের বিনাশ হইলে যেরূপে এই প্রপঞ্চ সকল পরম্পর স্ব স্ব কারণে

শ্রয়ভূতভুরাদিচতুর্দ্দশভুবানি এতদাশ্রয়ভূতং ব্রহ্মাণ্ডঞ্চৈতৎ সর্ব্বং এতেষাং কারণরূপপঞ্চীকৃতভূতমাত্রং ভবতি। এতানি শব্দাদিবিষয়সহিতানি পঞ্চীকৃতভূতজাতানি সূক্ষ্মশরীরজাতঞ্চৈতৎ সর্ব্বমেতেষাং কারণরূপমপঞ্চীকৃতভূতমাত্রং ভবতি। এতানি সত্ত্বাদিগুণসহিতানি অপঞ্চীকৃতপঞ্চভূতান্যুৎপত্তিব্যুৎক্রমেণৈতৎকারণভূতাজ্ঞানোপহিতচৈতন্যমাত্রং ভবতি। এতদজ্ঞানং অজ্ঞানোপহিতং চৈতন্যং চেশ্বরাদিকং · এতদাধারভূতানুপহিতচৈতন্যরূপং তুরীয়ব্রহ্মমাত্রংভবতি। আভ্যামধ্যারোপাপবাদাভ্যাং তত্ত্বম্পদার্থশোধনমপি সিদ্ধং ভবতি তথাহি— অজ্ঞানাদিসমষ্টিঃ এতদুপহিতং সর্ব্বজ্ঞত্বাদিবিশিষ্টং চৈতন্যং এতদনুপহিতং চৈতন্যঞ্চৈতত্ত্রয়ং তপ্তায়ঃ

লীন হইয়া ব্রহ্মরূপে অবস্থিত হয়,তাহা বিবৃত হইতেছে।—স্থূল ভোগের আয়তনরূপ চতুর্ব্বিধ স্থূল শরীর ও ভোগ্যরূপ অন্নপানাদি, এই সকলের আধারভূত ভূরাদি চতুর্দ্দশ ভুবন এবং এই সকলের বর্ত্তমান আয়তনভূত ব্রহ্মাণ্ড, এই সকলই পঞ্চীকৃত পঞ্চভূত মাত্র। শব্দ স্পর্শাদি বিষয়ের সহিত এই সকল পঞ্চীকৃত পঞ্চভূত এবং সূক্ষ্ম শরীর সকলই স্ব স্ব কারণ রূপ অপঞ্চীকৃত পঞ্চভূত মাত্র। সত্ত্বাদি গুণবিশিষ্ট এই সকল অপঞ্চীকৃত পঞ্চ মহাভূত উৎপত্তির বিপরীতক্রমে অর্থাৎ পৃথিবী জলেতে, জল অগ্নিতে, অগ্নি বায়ুতে, বায়ু আকাশে,এবং আকাশ অজ্ঞানে এই প্রকারে কারণরূপ অজ্ঞানোপহিত চৈতন্য মাত্র হয়। এই অজ্ঞান এবং অজ্ঞানোপহিত চৈতন্য রূপ ঈশ্বর প্রভৃতি সকলই তাহাদিগের আধার ভূত অনুপহিত চৈতন্যরূপ তুরীয় ব্রহ্ম। উক্ত অধ্যারোপ ও অপবাদ ন্যায় কথনদ্বারা "তৎ ও ত্বং" এই উভয় পদার্থের শোধন সিদ্ধ হইল। অজ্ঞানাদির সমষ্টি অর্থাৎ অজ্ঞান, সূক্ষ্মশরীর ও স্থূল শরীরের সমষ্টি,

পিণ্ডবদেকত্বেনাবভাসমানং তৎপদবাচ্যার্থোভবতি। এতদুপাধ্যুপহিতাধারভূতমনুপহিতং চৈতন্যং তৎ-পদলক্ষ্যার্থো ভবতি ॥ ৬০ ॥

অজ্ঞানাদি-ব্যষ্টিঃ এতদুপাহিতাল্পজ্ঞত্বাদি-বিশিষ্ট-চৈতন্যং এতদনুপহিতং চৈতন্যঞ্চৈতত্ত্রয়ং তপ্তায়ঃ-পিণ্ডবদেকত্বেনাবভাসমানং ত্বং পদবাচ্যার্থোভবতি। এতদুপাধ্যুপহিতাধারভূতমনুপহিতং প্রত্যগানন্দং তুরীয়ং চৈতন্যং ত্বং পদলক্ষ্যার্থোভবতি ॥ ৬১ ॥

অথ মহাবাক্যার্থোবর্ণ্যতে। ইদং তত্ত্বমসিবাক্যং সম্বন্ধত্রয়েণ অখণ্ডার্থবোধকং ভবতি। সম্বন্ধত্রয়ং নাম পদয়োঃ সমানাধিকরণ্যং পদার্থয়োর্ব্বিশেষণ-

---

তদুপহিত চৈতন্য অর্থাৎ ঈশ্বর; হিরণ্যগর্ভ ও বিরাট চৈতন্য এবং অনুপহিত চৈতন্য অর্থাৎ তুরীয় ব্রহ্ম চৈতন্য, এই ত্রিবিধ পদার্থ দগ্ধ লৌহপিণ্ডের ন্যায় অতিরিক্ত রূপে "তৎ" এই পদের বাচ্য এবং অজ্ঞানাদির সমষ্টিরূপ উপাধির ও তদুপহিত ঈশ্বরাদি চৈতন্যের আধারভূত অনুপহিত তুরীয় ব্রহ্ম চৈতন্য "তৎ" পদের লক্ষ্যার্থ ॥ ৬০ ॥

অজ্ঞানাদির ব্যষ্টি অর্থাৎ অজ্ঞান, সূক্ষ্মশরীর ও স্থূলশরীর; তদুপহিত চৈতন্য, অর্থাৎ প্রাজ্ঞ, তৈজস, ও বিশ্ব এবং অনুপহিত চৈতন্য অর্থাৎ তুরীয়-ব্রহ্ম চৈতন্য, এই তিনই দগ্ধ লৌহপিণ্ডের ন্যায় অভিন্নরূপে "ত্বং" এই শব্দের বাচ্যার্থ এবং অজ্ঞানাদির ব্যষ্টি ও প্রাজ্ঞ প্রভৃতি চৈতন্যের আধার স্বরূপ অনু-পহিত আনন্দরূপ তুরীয় ব্রহ্ম চৈতন্যই "ত্বং" এই পদের লক্ষ্যার্থ ॥ ৬১ ॥

এইরূপে মহাবাক্যার্থ নির্ণয় করিতেছেন,—"তত্ত্বমসি" এই মহাবাক্যটি তিন প্রকার সম্বন্ধ দ্বারা অখণ্ড ব্রহ্ম চৈতন্যের বোধক হয়। সম্বন্ধত্রয় এই যে, —প্রথম সমানাধিকরণ্য, দ্বিতীয় বিশেষ্যবিশেষণ ভাব, তৃতীয় লক্ষ্য-লক্ষণ

বিশেষ্যভাবঃ প্রত্যগাত্মপদার্থয়োর্লক্ষ্যলক্ষণভাব-শ্চেতি। যদুক্তং সামানাধিকরণ্যঞ্চ বিশেষণবিশে-ষ্যতা লক্ষ্যলক্ষণসম্বন্ধঃ। পদার্থপ্রত্যগাত্মনা-মিতি ॥ ৬২ ॥

সামানাধিকরণসম্বন্ধস্তাবৎ যথা সোঽহং দেবদত্ত ইতি বাক্যে তৎকালবিশিষ্টদেবদত্তবাচকসশব্দস্য এতৎকালবিশিষ্টদেবদত্তবাচকায়ং শব্দস্য চ এক-স্মিন্ দেবদত্তপিণ্ডে তাৎপর্য্যসম্বন্ধঃ। তথা তত্ত্বমসি বাক্যেঽপি পরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যবাচকতৎ-পদস্যা–পরোক্ষত্বাদিবিশিষ্ট-চৈতন্যবাচক–ত্বংপদস্য চৈকস্মিন্ চৈতন্যে তাৎপর্য্যসম্বন্ধঃ ॥ ৬৩ ॥

বিশেষণবিশেষ্যভাবসম্বন্ধ যথা তত্রৈব বাক্যে

ভাব। "তৎ ও ত্বং" এই পদদ্বয়ের একাধিকরণে অবস্থিতির নাম সামানাধি-করণ্য। উভয় পদার্থের পরস্পর বিশেষ্যবিশেষণ রূপ সম্বন্ধকে বিশেষ্য-বিশেষণ ভাব এবং প্রত্যগাত্মা লক্ষ্য ও পদদ্বয় লক্ষণ এইরূপ সম্বন্ধকে লক্ষ্য-লক্ষণভাবসম্বন্ধ বলে। গ্রন্থান্তরেও সামানাধিকরণ্য, বিশেষ্য-বিশেষণরূপ এবং লক্ষ্যলক্ষণ ভাব, এই তিন প্রকার সম্বন্ধ উক্ত আছে ॥ ৬২ ॥

এইক্ষণে সামানাধিকরণ্য সম্বন্ধ বিবৃত হইতেছে,—যেমন "সেই ব্যক্তিই এই" উক্ত বাক্যে পূর্ব্বকালে দৃষ্ট ব্যক্তির বোধক "সেই" শব্দ এবং বর্ত্তমান কালে দৃষ্ট ব্যক্তির বোধক "এই" শব্দ, এই উভয় শব্দার্থেরই তাৎপর্য্য এক ব্যক্তিকে বুঝাইতেছে। সেইরূপ "তত্ত্বমসি" এই বাক্যেতেও অপ্রত্যক্ষ চৈত-ন্যের বোধক "তৎ" শব্দ এবং প্রত্যক্ষ চৈতন্যের বোধক "ত্বং" শব্দ, এই উভয় পদেরই এক চৈতন্যময় ব্রহ্মেতে তাৎপর্য্য হয়; সুতরাং ইহাই এই স্থলে সামানাধিকরণ্য ॥ ৬৩ ॥

অনন্তর বিশেষ্যবিশেষণ ভাব বিবৃত হইতেছে।—যেমন পূর্ব্বোক্ত বাক্যে

সশব্দার্থতৎকালবিশিষ্টদেবদত্তস্যায়ং শব্দার্থৈতৎ-কালবিশিষ্টদেবদত্তস্য চান্যোন্যভেদব্যাবর্ত্তকতয়া বিশেষণবিশেষ্যভাবঃ। তথাত্রাপি বাক্যে তৎ-পদার্থপরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যস্য ত্বং পদার্থা-পরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যস্য চান্যোন্যভেদব্যাবর্ত্তক তয়া বিশেষণবিশেষ্যভাবঃ॥ ৬৪ ॥

লক্ষ্যলক্ষণভাবসম্বন্ধস্তু যথা তত্রৈব সশব্দায়ংশব্দয়ো-স্তদর্থয়োর্ব্বা বিরুদ্ধতৎকালৈতৎকালবিশিষ্টত্বপ-রিত্যাগেন অবিরুদ্ধদেবদত্তেন সহ লক্ষ্যলক্ষণভাবঃ। তথাত্রাপি বাক্যে তত্ত্বম্পদয়োস্তদর্থয়োর্ব্বা বিরুদ্ধ-পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টত্বপরিত্যাগেনাবিরুদ্ধ-চৈতন্যেন সহ লক্ষ্যলক্ষণভাবঃ। ইয়মেব ভাগ-লক্ষণেত্যুচ্যতে ॥ ৬৫ ॥

"সেই"শব্দের অর্থ পূর্ব্বকালের দৃষ্ট ব্যক্তি এবং "এই" শব্দের অর্থ বর্ত্তমান কালে দৃষ্ট ব্যক্তিকেই বুঝাইতেছে। পরন্তু এই উভয় পদার্থই পরস্পর বিশেষ্য-বিশেষণ রূপে সম্বন্ধ আছে। যেহেতু অভিন্নরূপে এক বস্তুই উভয় অর্থের তাৎপর্য্যের লক্ষ্য হয়। সেইরূপ তত্ত্বমসি এই বাক্যেতেও তৎপদের অর্থ অপ্রত্যক্ষ-চৈতন্য এবং ত্বং পদের অর্থ প্রত্যক্ষ-চৈতন্য, এই উভয়ই পরস্পর বিশেষ্য-বিশেষণ রূপে সম্বন্ধ আছে, যেহেতু উভয় পদার্থেরই অভিন্নরূপে এক বস্তুতে তাৎপর্য্য দৃষ্ট হয়॥ ৬৪॥

এইক্ষণ লক্ষ্যলক্ষণ ভাবরূপ সম্বন্ধ বিবৃত হইতেছে।—যেমন পূর্ব্বোক্ত বাক্যে "সেই" শব্দের অর্থ পূর্ব্বকালে দৃষ্টত্ব এবং "এই" শব্দের অর্থ বর্ত্তমান কালে দৃষ্টত্ব, এই উভয় অর্থ পরিত্যাগ করিয়া কেবল এক ব্যক্তি মাত্রই লক্ষ্য এবং সেই উভয় শব্দই লক্ষণ হয়, সেইরূপ "তত্ত্বমসি" এই বাক্যেতেও তৎ-পদের অর্থ অপ্রত্যক্ষত্ব এবং ত্বং পদের অর্থ প্রত্যক্ষত্ব পরিত্যাগ করিলে

অস্মিন্ বাক্যে নীলমুৎপলমিতিবাক্যবদ্বাক্যার্থোন সঙ্গচ্ছতে। তত্র নীলপদার্থনীলগুণস্য উৎপল-পদার্থোৎপলদ্রব্যস্য চ শুক্লপটাদিব্যাবর্ত্তকতয়াঽ-ন্যোন্য-বিশেষণ-বিশেষ্য-রূপ-সংসর্গস্য অন্যতর-বিশিষ্টস্যান্যতরস্য বা তদৈক্যস্য বাক্যার্থত্বাঙ্গীকরণে প্রমাণান্তরবিরোধাভাবাৎ ব্যাক্যার্থঃ সঙ্গচ্ছতে। অত্র তু তৎপদার্থপরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যস্য ত্বং পদার্থাপরোক্ষত্বাদি-বিশিষ্ট-চৈতন্যস্য চান্যোন্য-ভেদব্যাবর্ত্তকতয়া বিশেষণবিশেষ্যভাবসংসর্গস্য অন্য-তরবিশিষ্টস্যান্যতরস্য বা তদৈকস্য বাক্যার্থত্বাঙ্গী-কারে প্রত্যক্ষাদিপ্রমাণবিরোধাদ্বাক্যার্থোনসঙ্গ-চ্ছতে ॥ ৬৬ ॥

অত্র তু গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতীতিবজ্জহল্লক্ষণা ন সঙ্গচ্ছতে। তত্র গঙ্গাঘোষয়োরাধারাধেয়ভাবলক্ষ-

---

কেবল এক অবিরুদ্ধ চৈতন্য লক্ষ্য এবং "তৎ ও ত্বং" এই উভয় শব্দ লক্ষণ হয়। সুতরাং ইহাকে শাস্ত্রকারেরা ভাগ লক্ষণা বলিয়া থাকেন ॥ ৬৫ ॥

নীল উৎপল, এই বাক্যেতে যেরূপ বাক্যার্থ সঙ্গতি আছে সেইরূপ বাক্যার্থ সঙ্গতি "তত্ত্বমসি" এই বাক্যেতে নাই। কারণ উক্ত বাক্যেতে নীল পদের অর্থ নীল গুণ এবং উৎপল শব্দের অর্থ উৎপল দ্রব্য, এই উভয়ই শুক্লাদি গুণ ও পটাদি দ্রব্যের ব্যবচ্ছেদক হেতু পরস্পরের বিশেষ্যবিশেষণ ভাবরূপ সম্বন্ধ অথবা একতর বিশিষ্টের সহিত অন্যতরের বাক্যার্থ সঙ্গতি আছে; কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে সর্ব্বজ্ঞত্ব ও কিঞ্চিৎজ্ঞত্বরূপে প্রমাণান্তরের বিরোধ হেতু উক্তরূপ বাক্যার্থ সঙ্গতি নাই ॥ ৬৬ ॥

যেমন "গঙ্গায় গোপবাস করিতেছে এই বাক্যেতে জহৎস্বার্থ লক্ষণারূপ" বাক্যার্থ সঙ্গত হয় না। সেইরূপ তত্ত্বমসি এই বাক্যেতে জহৎস্বার্থ লক্ষণারূপ

ণস্য বাক্যার্থস্যাশেষতোবিরুদ্ধত্বাদ্বাচ্যার্থমশেষতঃ পরিত্যজ্য তৎসম্বন্ধিতীরলক্ষণায়াযুক্তত্বাজ্জহল্লক্ষণা সঙ্গচ্ছতে। অত্র তু পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্ট-চৈতন্যৈকত্বরূপস্য বাক্যার্থস্য ভাগমাত্রে বিরোধা-দ্ভাগান্তরং অপরিত্যজ্যান্যলক্ষণায়া অযুক্তত্বাৎ জহ-ল্লক্ষণা ন সঙ্গচ্ছতে ॥ ৬৭ ॥

ন চ গঙ্গাপদং স্বার্থপরিত্যাগেন তীরপদার্থং যথা লক্ষ-য়তি তথা তৎপদং ত্বং পদং বা বাচ্যার্থপরিত্যাগেন ত্বং পদার্থং তৎপদার্থং বা বোধয়তু তৎকুতোজহল্ল-ক্ষণা ন সঙ্গচ্ছতে ইতি বাচ্যং। তত্র তীরপদাশ্রবণেন তদর্থাপ্রতীতৌ লক্ষণয়া তৎপ্রতীত্যপেক্ষায়ামপি

বাক্যার্থ সঙ্গতি নাই। গঙ্গায় গোপ বাস করিতেছে, এই বাক্যে জল প্রবাহ রূপ গঙ্গা এবং গোপ এই উভয়ের আধারাধেয়ভাবের অসম্ভব হেতু বাক্যা-র্থের বিরোধ হয়; সেই বিরোধভঞ্জনার্থ গঙ্গা শব্দের স্বীয় অর্থ যে জলপ্রবাহ, তাহা পরিত্যাগ করিয়া লক্ষণাদ্বারা তৎপরিবর্ত্তে গঙ্গাতীরে গঙ্গা শব্দের অর্থ পরিকল্পনা যুক্তি সিদ্ধ হয়। এইরূপ লক্ষণার নাম জহৎস্বার্থলক্ষণা; অর্থাৎ শব্দের প্রকৃত অর্থ পরিত্যাগ করিয়া অন্য অর্থস্বীকার করা; কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ এই উভয় চৈতন্যের ঐক্যস্বরূপ বাক্যার্থে কোন বিরোধ নাই, কেবল প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষের প্রতিপাদক অংশে বিরোধ আছে; সুতরাং স্বার্থ পরিত্যাগ করিয়া অন্যার্থে লক্ষণা স্বীকার করিতে হয় না। অতএব "তত্ত্বমসি" এই বাক্যে জহৎস্বার্থলক্ষণা সঙ্গত হই-তেছে না। ৬৭।

যেমন গঙ্গা শব্দের স্বীয় অর্থ পরিত্যাগ করিয়া লক্ষণাদ্বারা তীর অর্থ গ্রহণ করা হইয়াছে; সেইরূপ লক্ষণাদ্বারা "তৎ" পদের স্বীয় অর্থ পরিত্যাগ করিয়া "ত্বং" পদার্থে অথবা "ত্বং" পদের স্বীয় অর্থ পরিত্যাগ করিয়া "তৎ"

তত্ত্বং পদয়োঃ শ্রূয়মাণত্বেন তদর্থপ্রতীতৌ লক্ষণয়া পুনঃ অন্যতরপদেনান্যতর-পদার্থপ্রতীত্যপেক্ষাভাবাৎ ॥ ৬৮ ॥

অত্র শোণোধাবতীতিবাক্যবদজহল্লক্ষণাপি ন সঙ্গচ্ছতে। তত্র শোণগুণগমনলক্ষণস্য বাক্যার্থস্য বিরুদ্ধত্বাত্তদপরিত্যাগেন তদাশ্রয়াশ্বাদিলক্ষণায়াং তদ্বিরোধপরিহারসম্ভবাদজহল্লক্ষণা সম্ভবতি। অত্র তু পরোক্ষত্বা-পরোক্ষত্বাদি-বিশিষ্ট-চৈতন্যৈকত্বস্য বাক্যার্থস্য বিরুদ্ধত্বাত্তদপরিত্যাগেন তৎসম্বন্ধিনো-যস্য কস্যচিদর্থস্য লক্ষিতত্বেপি তদ্বিরোধাপরিহারাদজহল্লক্ষণাপি ন সম্ভবত্যেব ॥ ৬৯ ॥

পদার্থে লক্ষিত হউক্, তাহাহইলেই জহৎস্বার্থলক্ষণা সঙ্গত হয়; কিন্তু ইহা যুক্তি যুক্ত বলিয়া বোধ হয় না; যে হেতু পূর্ব্বোক্ত বাক্যে তীর শব্দ অনুক্ত আছে, অতএব তদর্থের অপেক্ষা করিয়া জহৎস্বার্থলক্ষণা সঙ্গত হইয়াছে, কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে "তৎ ও ত্বং" এই উভয় পদার্থই উক্ত আছে এবং উভয় শব্দের অর্থই স্বয়ং প্রসিদ্ধ আছে, অতএব তাহাতে লক্ষণাদ্বারা অন্যতর পদের অন্যতর অর্থজ্ঞানের অপেক্ষা সম্ভব হয় না; সুতরাং জহৎস্বার্থলক্ষণা অসঙ্গত হইল ॥ ৬৮ ॥

আর "রক্তবর্ণ গমন করিতেছে," এই বাক্যেতে যেমন অজহৎস্বার্থলক্ষণা সঙ্গত হয়, সেইরূপ "তত্ত্বমসি" এই বাক্যে অজহৎস্বার্থলক্ষণাও সঙ্গত নহে। উক্ত বাক্যে রক্তিমগুণের গমন কার্য্যে বিরোধহেতু, রক্তিমপদের অর্থ পরিত্যাগ না করিয়া লক্ষণাদ্বারা রক্তবর্ণ অশ্বাদিরূপ অর্থস্বীকার করিয়া অর্থগত বিরোধ নিবারণ করা হইয়াছে। অতএব "রক্তবর্ণ গমন করিতেছে" এই বাক্যে অজহৎস্বার্থলক্ষণা সঙ্গত হইয়াছে। কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ চৈতন্যের ঐক্যরূপ বাক্যার্থে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষের

ন চ তৎপদং ত্বং পদং বা স্বার্থবিরুদ্ধাংশপরিত্যাগেনাংশান্তরসহিতং তৎপদার্থং ত্বং পদার্থং বা লক্ষয় তু অতঃ কথং প্রকারান্তরেণ ভাগলক্ষণাঙ্গীকরণমিতি বাচ্যং। একেন পদেন স্বার্থাংশপদার্থান্তরোভয়লক্ষণায়া অসম্ভবাৎ পদান্তরেণ তদর্থপ্রতীতৌ লক্ষণয়া পুনরন্যতরপদার্থপ্রতীত্যপেক্ষাভাবাচ্চ ॥ ৭০ ॥

তস্মাদযথা সোঽয়ং দেবদত্ত ইতি বাক্যং তদর্থো বা তৎকালৈতৎকালবিশিষ্টদেবদত্তলক্ষণস্য বাচ্যার্থস্যাংশে বিরোধাৎ বিরুদ্ধতৎকালৈতৎকালবিশিষ্টত্বাংশং পরিত্যজ্যাবিরুদ্ধং দেবদত্তাংশমাত্রং লক্ষয়তি। তথা তত্ত্বমসীতি বাক্যং তদর্থো বা পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যৈকত্বলক্ষণস্য বাচ্যার্থ-

---

প্রতিপাদক অংশের বিরোধ হেতু বিরুদ্ধ অংশ পরিত্যাগ না করিয়াও লক্ষণাদ্বারা তৎসম্বন্ধি যে কোন অর্থ লক্ষিত হইলেও তাহার বিরোধ পরিহার সম্ভব হয় না, অতএব অজহৎস্বার্থলক্ষণাও অসম্ভব ॥ ৬৯ ॥

আর এ কথাও বলিতে পার না যে, "তৎ বা ত্বং" পদার্থের স্বস্ব বিরুদ্ধ অর্থাংশ পরিত্যাগ করিয়া অবিরুদ্ধ অর্থাংশের সহিত "তৎ বা ত্বং" পদার্থ লক্ষিত হউক, এইরূপ ভাগলক্ষণা স্বীকারও নিষ্প্রয়োজন; যে হেতু এক পদদ্বারা স্বীয় অবিরুদ্ধ অর্থাংশ ও অন্য পদার্থ এই উভয় অর্থ লক্ষণায় সম্ভব হয় না এবং অন্য পদদ্বারা যে অর্থ বোধ হয়, লক্ষণাদ্বারা পুনর্ব্বার তাহার অন্যতর পদার্থের জ্ঞানের সম্ভব হয় না ॥ ৭০ ॥

যেমন "সেই ব্যক্তি এই" এই বাক্যে পূর্ব্বকালের দৃষ্ট ও বর্ত্তমানকালে দৃষ্ট ব্যক্তিস্বরূপ যে বাচ্যার্থ, তাহার একাংশে বিরোধহেতু বিরুদ্ধ অংশ যে অতীতকালে ও বর্ত্তমানকালে দৃষ্টত্ব, তাহা পরিত্যাগ করিয়া ব্যক্তিরূপ অংশ লক্ষ্যার্থ হয়; সেইরূপ "তত্ত্বমসি" এই বাক্যে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ চৈত-

স্থাংশে বিরোধাদ্বিরুদ্ধপরোক্ষত্বাপরোক্ষত্ববিশিষ্টত্বাংশং পরিত্যজ্যাবিরুদ্ধমখণ্ডচৈতন্যমাত্রং লক্ষয়তি ॥ ৭১ ॥

অথ অহং ব্রহ্মাস্মীত্যনুভববাক্যার্থোবর্ণ্যতে। এবমাচার্য্যেণাধ্যারোপাপবাদপুরঃসরং তত্ত্বম্পদার্থৌ শোধয়িত্বা বাক্যেনাখণ্ডার্থেঽববোধিতেঽধিকারিণোঽহং নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-সত্য-স্বভাবপরমা-নন্দা-নন্তাদ্বয়ং ব্রহ্মাস্মীত্যখণ্ডাকারাকারিতা চিত্তবৃত্তিরুদেতি। সা তু চিৎপ্রতিবিম্বসহিতা সতী প্রত্যগভিন্নমজ্ঞাতং পরং ব্রহ্ম বিষয়ীকৃত্য তদ্গতাজ্ঞানমেব বাধতে তদা পটকারণতন্তুদাহে পটদাহবৎ অখিলকার্য্যকারণেঽজ্ঞানে বাধিতে সতি তৎকার্য্যস্যাখিলস্য বাধিতত্বাৎ তদন্তর্ভূতাখণ্ডাকারাকারিতা চিত্তবৃত্তিরপি বাধিত-

---

ন্যের ঐক্যরূপ যে বাচ্যার্থ তাহার একাংশে বিরোধহেতু বিরুদ্ধ অংশ প্রত্যক্ষত্ব ও অপ্রত্যক্ষত্ব, তাহা পরিত্যাগ করিয়া অবিরুদ্ধ অখণ্ড চৈতন্যাংশমাত্র লক্ষ্যার্থ হয় ॥ ৭১ ॥

অনন্তর "আমিই ব্রহ্ম" জ্ঞানিগণের এইরূপ অনুভব বাক্যের অর্থ নিরূপণ করিতেছেন, আচার্য্যগণ অধ্যারোপ ও অপবাদন্যায় বর্ণন করিয়া "তৎও ত্বং" এই উভয় পদার্থের অর্থ শোধন করিলে যখন "তত্ত্বমসি" এই বাক্যদ্বারা অখণ্ড চৈতন্য বোধ হইবে, তখন "আমি নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত, সত্যস্বরূপ পরমানন্দ অদ্বিতীয় ব্রহ্ম"এইরূপ অখণ্ড অন্তঃকরণবৃত্তির উদয় হইয়া থাকে। সেই অন্তঃকরণ বৃত্তিতে চৈতন্য প্রতিবিম্বিত হইলে সেই চৈতন্য প্রকাশ হইয়া প্রত্যগাত্মা * ও অভিন্ন পরমব্রহ্মবিষয়ক অজ্ঞান নষ্ট করে। যেমন বস্ত্রের কারণ সূত্র নষ্ট হইলেই বস্ত্রের বিনাশ হয়, সেইরূপ অখিল সংসারের কারণ

---

* জীব ব্রহ্মের অভেদ জ্ঞান।

ত্বাৎ তদন্তর্ভূতাখণ্ডাকারাকারিতা চিত্তবৃত্তিরপি বাধিতা ভবতি ॥ ৭২ ॥

তত্র বৃত্তৌ প্রতিবিম্বিতং চৈতন্যমপি যথা প্রদীপ-প্রভা আদিত্যপ্রভাবভাসনাসমর্থা সতী তয়াভিভূতা ভবতি তথা স্বয়ং প্রকাশমানপ্রত্যগভিন্নপরব্রহ্মা-বভাসনানর্হতয়া তেনাভিভূতং সৎ স্বোপাধিভূতা-খণ্ডবৃত্তের্ব্বাধিতত্বাৎ দর্পণাভাবে মুখপ্রতিবিম্বস্য মুখ-মাত্রত্ববৎ প্রত্যগভিন্নপরব্রহ্মমাত্রং ভবতি ॥ ৭৩ ॥

এবঞ্চ সতি মনসৈবানুদ্রষ্টব্যং যন্মনসা ন মনুতে ইত্যনয়োঃ শ্রুত্যোরবিরোধঃ। বৃত্তিব্যাপ্যত্বাঙ্গী-কারেণ ফলব্যাপ্যত্বপ্রতিষেধপ্রতিপাদনাৎ উক্তঞ্চ ফলব্যাপ্যত্বমেবাস্য শাস্ত্রকৃদ্ভির্নিরাকৃতং। ব্রহ্মণ্য-

---

অজ্ঞানের অভাব হইলেই তদন্তর্গত অখণ্ডাকার অন্তঃকরণ বৃত্তিও বিনষ্ট হইয়া যায় ॥ ৭২ ॥

যেমন প্রদীপপ্রভা সূর্য্য প্রভাকে প্রকাশ করিতে অসমর্থ হইয়া স্বয়ং নিষ্প্রভ হয়, সেইরূপ অন্তঃকরণ বৃত্তিতে প্রতিবিম্বিত চৈতন্য স্বপ্রকাশ স্বরূপ ব্রহ্ম চৈতন্যকে প্রকাশ করিতে না পারিয়া প্রতিবিম্বিত চৈতন্যই অভিভূত হয় এবং যেমন দর্পণের অভাবে মুখপ্রতিবিম্ব মুখই থাকে, সেইরূপ উপাধিভূত অন্তঃকরণ বৃত্তির অভাব হেতু স্বয়ং পরম ব্রহ্ম মাত্রই বর্ত্তমান থাকেন। এই প্রকারে জ্ঞানিগণের "আমিই ব্রহ্ম" এইরূপ অনুভব হইয়া থাকে ॥ ৭৩ ॥

পূর্ব্বোক্ত অনুভব দ্বারা "ব্রহ্ম মনঃ দ্বারা ধারণ যোগ্য" ও "ব্রহ্মকে মনে ধারণ করা যায় না" এই উভয় বিধ শ্রুতির পরস্পর বিরোধ ভঞ্জন হইল। যেহেতু মনোবৃত্তি দ্বারা ব্রহ্ম বিষয়ক অজ্ঞানের বিনাশ হয়, কিন্তু অন্তঃকরণ বৃত্তিতে প্রতিবিম্বিত চৈতন্য পরব্রহ্মকে প্রকাশ করিতে পায় না, ইহা প্রতিপন্ন হইয়াছে। এই বিষয়ের প্রমাণ এই,—শাস্ত্র কর্ত্তারা অন্তঃকরণ প্রতিবিম্বিত চৈতন্য দ্বারা পরব্রহ্ম চৈতন্যের প্রকাশের নিষেধ পূর্ব্বক অন্তঃকরণ বৃত্তি দ্বারা

জ্ঞাননাশায় বৃত্তিব্যাপ্তিরপেক্ষিতেতি। স্বয়ং প্রকাশমানত্বান্নাভাসউপযুজ্যতে, ইতি চ॥ ৭৪॥

জড়পদার্থা-কারাকারিত-চিত্ত--বৃত্তের্ব্বিশেষো-হস্তি। তথাহি অয়ং ঘটইতি ঘটাকারাকারিতচিত্তবৃত্তিরজ্ঞাতং ঘটং বিষয়ীকৃত্য তদ্গতাজ্ঞাননিরসনপুরঃসরং স্বগতচিদাভাসেন জড়মপি ঘটং ভাসয়তি। তদুক্তং বুদ্ধিতৎস্থচিদাভাসৌ দ্বাবপি ব্যাপ্নুতোঘটং। তত্রাজ্ঞানং ধিয়া নশ্যেদাভাসেন ঘটঃ স্ফুরেদিতি। যথা প্রদীপপ্রভামণ্ডলমন্ধকারগতং ঘটাদিকং বিষয়ীকৃত্য তদ্গতান্ধকারনিরসনপুরঃসরং স্বপ্রভয়া তদবভাসয়তীতি॥ ৭৫॥

তদ্বিষয়ক অজ্ঞানের নাশ স্বীকার করিয়াছেন। যেহেতু পরম ব্রহ্ম স্বপ্রকাশ স্বরূপ, অতএব তাহার অন্য কর্ত্তৃক প্রকাশ সম্ভব হয় না॥ ৭৪॥

অখণ্ডাকার অন্তঃকরণ বৃত্তি হইতে ঘটাদি জড় পদার্থাকার অন্তঃকরণ বৃত্তির কিঞ্চিৎ বিশেষ আছে। ঘটপ্রত্যক্ষ কালে ঘটাকারচিত্তবৃত্তি অজ্ঞাত ঘটকে অধিকার করিয়া তাহার অজ্ঞানতার বিনাশ সাধন পূর্ব্বক অন্তঃকরণ বৃত্তিগত প্রতিবিম্ব দ্বারা ঘটকে প্রকাশ করে। এই বিষয়ের প্রমাণ স্বরূপে কথিত আছে যে,—অন্তঃকরণ বৃত্তি ও তদ্গত প্রতিবিম্বিত চৈতন্য, এই উভয়ই ঘটকে প্রাপ্ত হয়; কিন্তু অন্তঃকরণ বৃত্তি দ্বারা ঘটের অজ্ঞানের বিনাশ হয় এবং প্রতিবিম্বিত চৈতন্য দ্বারা ঘট প্রকাশিত হয়। যেমন প্রদীপের আভা অন্ধকারস্থিত ঘটপটাদিকে প্রাপ্ত হইয়া তদ্গত অন্ধকারের বিনাশ করিয়া তাহাকে প্রকাশ করে, সেইরূপ অন্তঃকরণ বৃত্তি দ্বারা ঘটাদির অজ্ঞান নষ্ট হয় এবং অন্তঃকরণ প্রতিবিম্বিত চৈতন্য দ্বারা ঘটাদি প্রকাশিত হয়॥ ৭৫॥

এবং স্বস্বরূপচৈতন্যসাক্ষাৎকারপর্য্যন্তং শ্রবণমনন-নিদিধ্যাসনসমাধ্যনুষ্ঠানস্যাপেক্ষিতত্বাৎ তেঽপি প্রদর্শ্যন্তে। শ্রবণং নাম ষড়্বিধলিঙ্গৈরশেষ-বেদান্তানামদ্বিতীয়বস্তুনি তাৎপর্য্যাবধারণং। লিঙ্গানি তু উপক্রমোপসংহারাভ্যাসাপূর্ব্বতা-ফলার্থবাদোপপত্ত্যাখ্যানি। তদুক্তং উপক্রমোপসং-হারাবভ্যাসোঽপূর্ব্বতা ফলং। অর্থবাদোপপত্তী চ লিঙ্গং তাৎপর্য্যনির্ণয়ে ॥ ৭৬ ॥

তত্র প্রকরণপ্রতিপাদ্যস্যার্থস্য তদাদ্যন্তয়োরুপা-দানং উপক্রমোপসংহারৌ। যথা ছান্দোগ্যে ষষ্ঠে প্রপাঠকে প্রকরণপ্রতিপাদ্যস্যাদ্বিতীয়বস্তুনঃ এক-মেবাদ্বিতীয়মিত্যাদৌ ঐতদাত্ম্যমিদং সর্ব্বমিত্যন্তে চ প্রতিপাদনং। প্রকরণপ্রতিপাদ্যস্য বস্তুনঃ তন্মধ্যে পৌনঃপুন্যেন প্রতিপাদনং অভ্যাসঃ।

[উক্ত] প্রকারে পরমাত্মাচৈতন্য সাক্ষাৎকার পর্য্যন্ত শ্রবণ মনন, নিদি-ধ্যাসন ও সমাধির অনুষ্ঠান করা আবশ্যক, অতএব এই ক্ষণ শ্রবণাদির লক্ষণ বিবৃত করিতেছেন। ষট্ প্রকার লিঙ্গ দ্বারা অদ্বিতীয় ব্রহ্মেতে সমস্ত বেদা-ন্তের তাৎপর্য্য অবধারণের নাম শ্রবণ। ষট্ প্রকার লিঙ্গ এই,—উপক্রমোপ-সংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফল, অর্থবাদ এবং উপপত্তি। গ্রন্থান্তরের প্রমাণে জানা যায় যে, উক্ত ষট্ প্রকার লিঙ্গ তাৎপর্য্যার্থের নিশ্চায়ক ॥৭৬॥

যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য সেই প্রকরণের আদিতে ও অন্তে সেই বস্তুর কথনের নাম উপক্রমোপসংহার। ছান্দগ্যোপনিষদের ষষ্ঠাধ্যায়ের আদিতে "অদ্বিতীয় ব্রহ্মই এক" এবং অন্তেও "এই আত্মাই জগন্ময়" এইরূপে প্রকরণের প্রতিপাদ্য বস্তু অদ্বিতীয় ব্রহ্ম কথিত হইয়াছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য সেই প্রকরণের মধ্যে পুনঃ পুনঃ সেই বস্তুর প্রতিপাদনের

যথা তত্রৈবাদ্বিতী[illegible]মধ্যে তত্ত্বমসীতি নবকৃত্বঃ প্রতিপাদনং। প্রকরণপ্রতিপাদ্যস্য বস্তুনঃ প্রমাণান্তরেণাবিষয়ীকরণং অপূর্ব্বত্বং। যথা তত্রৈবাদ্বিতীয়বস্তুনোমানান্তরাবিষয়ীকরণং। ফলন্তু প্রকরণপ্রতিপাদ্যাত্মজ্ঞানস্য তদনুষ্ঠানস্য বা তত্র তত্র শ্রূয়মাণং প্রয়োজনং। যথা তত্রৈব আচার্য্যবান্ পুরুষোবেদ তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষে। অথ সম্পৎস্যে ইত্যদ্বিতীয়বস্তুজ্ঞানস্য তৎপ্রাপ্তিপ্রয়োজনং শ্রূয়তে। প্রকরণপ্রতিপাদ্যস্য তত্র তত্র প্রশংসনং অর্থবাদঃ। যথা তত্রৈব উত তমাদেশমপ্রাক্ষোয়েনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিত্যদ্বিতীয়বস্তুপ্রশংসনং। প্রক-

---

নাম অভ্যাস। পূর্ব্ব কথিত ষষ্ঠ অধ্যায়ের মধ্যে "তত্ত্বমসি" এই বাক্য দ্বারা নয় বার অদ্বিতীয় ব্রহ্মবস্তুর প্রতিপাদন আছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, তৎপ্রমাণের অতিরিক্ত প্রমাণের অবিষয়রূপে সেই বস্তুর প্রতিপাদনের নাম অপূর্ব্বতা। উক্ত ষষ্ঠাধ্যায়ে কেবল উপনিষৎ প্রমাণ দ্বারাই অদ্বিতীয় ব্রহ্ম প্রতিপাদিত হইয়াছে, তাহাতে অন্য প্রমাণের উল্লেখ নাই। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, সেই প্রকরণে সেই বস্তুর বা তদনুষ্ঠানের প্রয়োজন শ্রবণের নাম ফল। ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠ অধ্যায়ে লিখিত আছে যে, "আচার্য্যবান্ পুরুষ ব্রহ্মকে জানিতে পারেন। সেই জ্ঞানী পুরুষ বিমুক্তি পর্য্যন্ত প্রতীক্ষা করে এবং বিমুক্তি হইলেই পরমব্রহ্মে লীন হয়।" এইরূপে ব্রহ্ম প্রাপ্তিইকেই অদ্বিতীয় ব্রহ্ম জ্ঞানের প্রয়োজন, ইহাই শ্রুতিতে উক্ত হইয়াছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, সেই বস্তুর প্রশংসার নাম অর্থবাদ। উক্ত ষষ্ঠ অধ্যায়ে কথিত আছে যে, গুরু শিষ্যকে বলিতেছেন,—হে শিষ্য তুমি আমার নিকটে যাঁহার প্রশ্ন করিয়াছ; তাঁহাকে জানিলে, অশ্রুত পদার্থের শ্রবণ, অস্মৃত

রণপ্রতিপাদ্যার্থসাধনে তত্র তত্র শ্রূয়মাণা যুক্তিঃ উপপত্তিঃ যথা তত্র যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং স্যাৎ বাচারম্ভণং বিকারোনামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যং ইত্যাদাবদ্বিতীয়বস্তুসাধনে বিকারস্য বাচারম্ভণমাত্রত্বে যুক্তিঃশ্রূয়তে ॥ ৭৭ ॥

মননন্তু শ্রুতস্যাদ্বিতীয়বস্তুনোবেদান্তার্থানুগুণযুক্তিভিরনবরতমনুচিন্তনং। বিজাতীয়দেহাদিপ্রত্যয়রহিতাদ্বিতীয়-বস্তু-সজাতীয়-প্রত্যয়-প্রবাহঃ নিদিধ্যাসনং। সমাধিস্তু দ্বিবিধঃ। সবিকল্পকোনির্ব্বিকল্পকশ্চেতি। তত্র সবিকল্পকোনাম? জ্ঞাতৃজ্ঞানাদিবিকল্পলয়ানপেক্ষয়াদ্বিতীয়বস্তুনি তদাকারাকারি-

---

পদার্থের স্মরণ এবং অজ্ঞাত পদার্থের জ্ঞান হয়। এইরূপে সেই অদ্বিতীয় ব্রহ্ম বস্তুর প্রশংসা কথিত হইয়াছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, সেই প্রকরণে সেই বস্তুর প্রতিপাদনের যুক্তির নাম উপপত্তি। উক্ত ষষ্ঠ অধ্যায়ে উক্ত আছে যে, হে সোম্য! যেমন একটী মৃৎপিণ্ডের পরিজ্ঞান হইলেই সকল প্রকার মৃণ্ময়পাত্রের জ্ঞান হয়, মৃৎপিণ্ডের বিকৃতি ও নাম কেবল বাক্য মাত্র, উহা মৃত্তিকাই যথার্থ।” এইরূপে অদ্বিতীয় ব্রহ্ম বস্তু প্রতিপাদনে বিকারের বাক্য মাত্রতারূপ যুক্তি দেখা যায় ॥ ৭৭ ॥

এইক্ষণ মননাদির লক্ষণ কথিত হইতেছে।—বেদান্তের অবিরোধী যুক্তিদ্বারা সর্ব্বদা শ্রুত অদ্বিতীয় ব্রহ্ম বস্তু চিন্তনের নাম মনন। তত্ত্বজ্ঞানবিরোধী দেহাদি জড়পদার্থ জ্ঞানের পরিহার-পূর্ব্বক অদ্বিতীয় বস্তুর অবিরোধী জ্ঞানপ্রবাহকে নিদিধ্যাসন বলে। সমাধি দুই প্রকার,—সবিকল্পক ও নির্ব্বিকল্পক। জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় এই পদার্থত্রয়ের পৃথক্ পৃথক্ জ্ঞানসত্ত্বেও অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অখণ্ডাকারে চিত্তবৃত্তির অবস্থানের নাম সবিকল্পক সমাধি। যেমন মৃণ্ময় হস্তীতে হস্তি জ্ঞানসত্ত্বেও মৃত্তিকা জ্ঞান

তায়াশ্চিত্তবৃত্তেরবস্থানং। তদা মৃণ্ময়গজাদিভানেঽপি মৃদ্ভানবৎ দ্বৈতভানেঽপ্যদ্বৈতং বস্তু ভাসতে। তদুক্তমভিযুক্তৈঃ—দৃশিস্বরূপং গগনোপমং পরং সকৃদ্বিভাতং ত্বজমেকমব্যয়ং। অলেপকং সর্ব্বগতং যদদ্বয়ং তদেব চাহং সততং বিমুক্তং। দৃশিস্তু শুদ্ধোঽহমবিক্রিয়াত্মকোন মেঽস্তি বন্ধোন চ মে বিমোক্ষইত্যাদি ॥ ৭৮ ॥

নির্ব্বিকল্পকস্তু। জ্ঞাতৃজ্ঞানাদিভেদলয়াপেক্ষয়াদ্বিতীয়বস্তুনি তদাকারাকারিতায়াবুদ্ধিবৃত্তেরতিতরামেকীভাবেনাবস্থানং। তদা তু জলাকারাকারিতলবণানবভাসেন জলমাত্রাবভাসবদদ্বিতীয়বস্ত্বাকারাকারিতচিত্ত-বৃত্ত্যনবভাসেনা-দ্বিতীয়-বস্তুমাত্রমে-বাবভাসতে। ততশ্চাস্য সুষুপ্তেশ্চাভেদশঙ্কা ন ভবতি

থাকে, সেইরূপ দ্বৈত জ্ঞানবর্ত্তমানেও অদ্বৈত জ্ঞান হয়। এই বিষয়ের প্রমাণস্বরূপে উক্ত আছে যে, "সর্ব্বসাক্ষী, সর্ব্বব্যাপী, সর্ব্বোৎকৃষ্ট, স্বপ্রকাশ স্বরূপ, জন্ম-মৃত্যুবিহীন, নির্লিপ্ত ও সর্ব্বদা বিমুক্তস্বভাব যে অদ্বিতীয় চৈতন্য, তাহাই আমি" ॥ ৭৮ ॥

জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়, এই পদার্থত্রয়ের অভিন্ন জ্ঞানের অভাব হইলে অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অখণ্ডাকার চিত্তবৃত্তির অবস্থানের নাম নির্ব্বিকল্পক সমাধি। এই সমাধিকালে যেমন জলমিশ্রিত লবণের লবণত্ব জ্ঞানের অভাব হইলে কেবল জলের জ্ঞান হয়, সেইরূপ অদ্বিতীয় ব্রহ্মাকার চিত্ত-বৃত্তির জ্ঞানের সত্তাভাবেও ব্রহ্ম বস্তু মাত্রের জ্ঞান হইয়া থাকে * এই নিমিত্ত সুষুপ্তি হইতে নির্ব্বিকল্পক সমাধির কোন প্রভেদ নাই। সুতরাং সুষুপ্তি ও

* অখণ্ড ব্রহ্মে চিত্তবৃত্তি লীন হইলে আর পৃথক্‌রূপে অন্য কোন জ্ঞান না হইয়া অখণ্ডব্রহ্মময় জ্ঞানই হইয়া থাকে।

উভয়ত্র বৃত্ত্যভানে সমানেঽপি তৎসম্ভাবাসম্ভাব-মাত্রেণানয়োর্ভেদোপপত্তেঃ ॥ ৭৯ ॥

অস্যাঙ্গানি যমনিয়মাসনপ্রাণায়াম-প্রত্যাহারধারণাধ্যান-সমাধয়ঃ। তত্রা হিংসাসত্যাস্তেয়-ব্রহ্মচর্য্যা-পরিগ্রহাঃ যমাঃ। শৌচসন্তোষতপঃস্বাধ্যায়েশ্বর প্রণিধানানি নিয়মাঃ। করচরণাদিসংস্থানবিশেষ-লক্ষণানি পদ্মস্বস্তিকাদীনি আসনানি। রেচক-পূরককুম্ভক-লক্ষণাঃ প্রাণ-নিগ্রহোপায়াঃ প্রাণায়ামাঃ ইন্দ্রিয়াণাং স্বস্ববিষয়েভ্যঃ প্রত্যাহরণং প্রত্যাহারঃ। অদ্বিতীয়বস্তুন্যন্তরিন্দ্রিয়ধারণং ধারণা। তত্রাদ্বিতীয়বস্তুনি বিছিদ্য বিছিদ্য অন্তরিন্দ্রিয়বৃত্তি-প্রবাহঃ ধ্যানং। সমাধিস্তু উক্তঃ সবিকল্পকএব ॥ ৮০ ॥

সমাধিকালে বৃত্তিজ্ঞানের অভাবাংশে সমান হইলেও বৃত্তির সত্তা অসত্তা দ্বারা সমাধি ও সুষুপ্তির ভেদ আছে, এইরূপ আশঙ্কার সম্ভাবনাও রহিল না ॥ ৭৯ ॥

যম, নিয়ম, আসন প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান এবং সবিকল্পক সমাধি এই সকল নির্ব্বিকল্পক সমাধির অঙ্গ। অহিংসা, সত্য, অচৌর্য্য, ব্রহ্মচর্য্য, ও অপরিগ্রহ এই সকলের ধারণের নাম যম। শুচি, সন্তোষ, তপস্যা, অধ্যয়ন ও ঈশ্বরপ্রণিধান ইহাদিগকে নিয়ম বলে। হস্ত পদাদির সংস্থান বিশেষরূপ পদ্মাসনাদিকে আসন বলে। রেচক, পূরক ও কুম্ভকরূপ প্রাণ দমনের উপায়ের নাম প্রাণায়াম। শব্দাদি বিষয় হইতে শ্রবণাদি ইন্দ্রিয়ের নিবারণ করাকে প্রত্যাহারে বলা যায়। অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অন্তঃকরণের অভিনিবেশের নাম ধারণা। অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে চিত্তবৃত্তি প্রবাহকে ধ্যান বলে। পূর্ব্বোক্ত সবিকল্পক সমাধির নাম সমাধি ॥ ৮০ ॥

এবমস্যাঙ্গিনো-নির্ব্বি-কল্পকস্য লয়-বিক্ষেপ-কষায়-রসাস্বাদলক্ষণাশ্চত্বারোবিঘ্নাঃ সম্ভবন্তি। লয়স্তাবৎ। অখণ্ডবস্তনবলম্বনেন চিত্তবৃত্তের্নিদ্রা। অখণ্ডবস্তু-নবলম্বনেন: চিত্তবৃত্তেরন্যাবলম্বনং বিক্ষেপঃ। লয়বিক্ষেপাভাবেঽপি চিত্তবৃত্তেরাগাদিবাসনয়া স্তব্ধী-ভাবাৎ অখণ্ডবস্তুনবলম্বনং কষায়ঃ। অখণ্ড-বস্তনবলম্বনেনাপি চিত্তবৃত্তেঃ সবিকল্পানন্দাস্বাদনং রসাস্বাদঃ সমাধ্যারম্ভসময়ে সবিকল্পানন্দাস্বাদনং বা ॥ ৮১ ॥

অনেন বিঘ্নচতুষ্টয়েন রহিতং চিত্তং নির্ব্বাতদী-পবদচলং সদখণ্ডচৈতন্যমাত্রমবতিষ্ঠতে যদা তদা নির্ব্বিকল্পকঃ সমাধিরিত্যুচ্যতে। তদুক্তং লয়ে

